Chapter 5

Clauses and their Structures

Clauses are groups of words that contain a subject and a predicate অর্থাৎ clause হচ্ছে এমন একটা শব্দগুচ্ছ যার মধ্যে একটা subject এবং একটা predicate থাকে। [subject হচ্ছে একটা clause-এর সেই অংশ যার সম্পর্কে কিছু বলা হয় এবং predicate হচ্ছে সেই অংশ যেখানে subject সম্পর্কে কিছু বলা হয়। ইংরেজিতে আমরা বলতে পারি, the subject of the clause is what we talk about and the predicate is what we say about the subject. "Mukta is a beautiful girl." হচ্ছে একটা শব্দগুচ্ছ বা clause যার মাধ্যমে আমরা Mukta নামের একটা মেয়ে (subject) সম্পর্কে কথা বলেছি এবং তার সম্পর্কে clause-টির বাকি অংশে একটা মন্তব্য (predicate) করেছি।]

Clauses are mainly of two kinds : *Independent clauses* and *Dependent clauses*. An independent clause (also known as a principal clause or main clause) is a clause that can stand alone to form a complete sentence by itself or form part of a bigger sentence অর্থাৎ Independent clause (যাকে principal বা main clause হিসেবেও অভিহিত করা হয়) হচ্ছে এমন একটা clause যা একাই একটা complete sentence গঠন করতে পারে অথবা বৃহত্তর কোন sentence-এর অংশ হিসেবে কাজ করতে পারে। যেমন:

Everybody loves Ruhak.

Everybody loves Ruhak because he is a bright student.

এখানে "Everybody loves Ruhak" clause-টি (যার মধ্যে একটা subject এবং একটা predicate রয়েছে) প্রথমে নিজেই একটা complete sentence তৈরি করেছে এবং পরে একটা বৃহত্তর sentence-এর অংশ হিসেবে কাজ করেছে। অতএব, এটি হচ্ছে একটা independent clause কারণ অন্য আরেকটা clause-এর সাহায্য ছাড়াই এটা একটা পূর্ণ অর্থ প্রকাশ করতে পারে। When a single independent clause forms a complete sentence by itself, it is called a *simple sentence* অর্থাৎ কোন independent clause যখন নিজেই একটা পূর্ণ sentence

তৈরি করে তখন তাকে *simple sentence* বলা হয়। যেমন, উপরের প্রথম বাক্যটি (Everyone loves Ruhak.) একটা simple sentence.

পক্ষান্তরে, a dependent clause (also known as a subordinate clause) is a clause which alone cannot form a complete sentence অর্থাৎ কোন dependent clause একাকী কোন পূর্ণাঙ্গ sentence তৈরি করতে পারে না। এ ধরনের clause সব সময় কোন একটা independent clause-এর উপর নির্ভরশীল হয়ে একটা complex sentence-এর অংশ হিসেবে কাজ করে। উপরের দ্বিতীয় বাক্যটিতে "because he is a bright student" হচ্ছে একটা dependent বা subordinate clause. Complex sentence সম্পর্কে যখন আলোচনা করা হবে তখন dependent clause সম্পর্কে সব তথ্য জানতে পারবে। এই অধ্যায়ে আমরা শুধু Independent clause (এবং সঙ্গতভাবেই simple sentence-এর structure) এবং তার constituent elements গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করব।

এই অধ্যায়ের শুরুতেই clause-এর সংজ্ঞাতেই আমরা জেনেছি যে, একটা clause মূলত দুই ভাগে বিভক্ত: subject এবং predicate. Predicate আবার একাধিক element দ্বারা তৈরি হতে পারে। subject এবং predicate-এর শুরুতে যে finite verb বা verb phrase বসে এ দু'টি element-ই হচ্ছে clause-এর compulsory elements বা আবশ্যিক উপাদান। Predicate-এর অন্য উপাদানগুলো হচ্ছে optional বা ঐচ্ছিক। সব মিলিয়ে, the structure of a clause may be represented by "SPCA" যেখানে,

"S" stands for *Subject*,
"P" stands for *Predicator*,
"C" stands for *Complement* and
"A" stands for *Adjunct*.

এখন আমরা এই উপাদনাগুলোর form এবং function নিয়ে বিস্তারিত আলোচনা করব। প্রথমেই বলে রাখি, clause-এর প্রত্যেকটা element-ই হচ্ছে এক একটা phrase, সেটা কোন single word-ই হোক আর group of words-ই হোক। [ইতোপূর্বে phrase-কে আমরা শুধু groups of words হিসেবে বিচার করেছি কিন্তু এই অধ্যায়ে phrase-কে বিচার করব আমরা clause-এর individual উপাদান হিসেবে।]

Clause Elements

1. **The subject :** The subject is a compulsory element of a clause অর্থাৎ একটা subject হচ্ছে কোন clause-এর একটা আবশ্যিক উপাদান যা ছাড়া সাধারণত কোন clause গঠন করা সম্ভব নয়। তবে Imperative sentence-এ subject উহ্য থাকে। যেমন, "Shut the door" বাক্যটিতে subject হিসেবে

"You" উহ্য আছে। এই imperative বাক্যটি সরাসরি verb দিয়ে শুরু হয়েছে। এবার subject-যুক্ত clause বা simple sentence লক্ষ কর :

Gold is a precious metal.
The people of this village are mostly simple.

সাধারণত subject হচ্ছে কোন clause-এর প্রথম উপাদান। It may be a single word or a group of words. Subject-এর শব্দসংখ্যা যাই হোক না কেন clause-এর constituent element হিসেবে তাকে noun phrase হিসেবেই গণ্য করা হবে। মনে রাখবে একটা clause-এ মাত্র একটাই subject থাকে। subject হিসেবে কাজ করতে পারে এমন element গুলোর উদাহরণ নীচে দেয়া হলো:

a) *a single noun* : যে কোন প্রকারের একটা noun কোন clause-এর subject হিসেবে কাজ করতে পারে। যেমন :

Sabina is a good girl.
Books are our best friends.
Money does not grow on trees.

b) *a single pronoun* : We can use a single pronoun as the subject of a clause or simple sentence. For example:

We are very good friends.
He is a seasoned politician.
This is a good book.

c) *a single gerund* : The subject of a clause may also be a single gerund. For example :

Teaching is a noble profession.
Walking is a good exercise.
Waiting is always boring.

d) *a noun phrase as a group of words* : পূর্ববর্তী "phrases" শীর্ষক অধ্যায়ে আমরা group of words হিসেবে noun phrase-এর structure আলোচনা করেছি। ঐ ধরনের noun phrase-কে আমরা অবশ্যই কোন clause-এর subject হিসেবে ব্যবহার করতে পারি। যেমন :

His sister is a banker.
Birds of the same feather flock together. (চোরে চোরে মাসতুত ভাই)
Some girls in this class are very naughty.

e) *a Present Participle phrase* : This phrase can also work as the subject of a clause or simple sentence. For example:

Writing a book is not an easy task.
Smoking cigarettes is a bad habit.
Crossing a busy road is often risky.

f) *an infinitive phrase* : Infinitive phrase কয়েক রকম হতে পারে। নীচের বাক্যগুলোতে subject হিসেবে ব্যবহৃত infinitive phrase গুলো লক্ষ কর :

To err is human.
To make a mistake is not unnatural.
To be invited there will be a matter of honour.
To have been defeated in that match was shameful for us.

subject কোন clause বা simple sentence-এর প্রথম উপাদান হলেও interrogative বা প্রশ্নবোধক বাক্যে-এর ব্যতিক্রম ঘটে। যেমন :

Are you a student?
Does he always speak the truth?
Will your friends attend the party?

লক্ষ কর, এই বাক্যগুলোতে subject কোন একটা main কিংবা auxiliary verb-এর পরে দ্বিতীয় position-এ বসেছে।

2. The Predicator : The predicator is the second compulsory element of a clause or simple sentence অর্থাৎ Predictor হচ্ছে একটা clause বা simple sentence-এর দ্বিতীয় বাধ্যতামূলক উপাদান। Subject-এর মত predicator ছাড়াও কোন clause গঠন করা সম্ভব নয়। একটা clause-এ subject যেমন একাধিক থাকতে পারে না, predicator-ও একাধিক থাকতে পারে না। এখন আমরা জেনে নিব predicator আসলে কী।

ইতোপূর্বে আমরা predicate সম্পর্কে ধারণা পেয়েছি। আমরা জেনেছি, predicate is what we say about the subject. অন্যভাবে আমরা বলতে পারি একটা clause-এ subject ছাড়া বাকি অংশটাই হচ্ছে predicate. নীচের বাক্য দু'টি লক্ষ কর।

Birds fly.
Birds are flying in the sky.

এখানে প্রথম বাক্যের predicate হচ্ছে "fly" এবং দ্বিতীয় বাক্যের predicate হচ্ছে "are flying in the sky". Now, what is a predicator? It is the verbal part of the predicate অর্থাৎ predicate-এর শুরুতে যে finite verb বা verb phrase-টি থাকে সেটাই হচ্ছে predicator. উপরের বাক্য দু'টিতে "fly" এবং "are flying" হচ্ছে predicator. এখন আমরা predicator-এর types এবং বৈশিষ্ট্য নিয়ে

আলোচনা করব। গঠনের দিক থেকে predicator প্রধানত চার রকম : simple predicator, complex predicator, compound predicator এবং idiomatic predicator.

If a predicator consists of only one word (a single verb), it is called a simple predicator. For example :

These are my books.
Fish swim in water.
He wrote a book last year.

ইতোপূর্বে verb phrase সম্পর্কিত আলোচনায় আমরা complex verb phrase, compound verb phrase এবং idiomatic verb phrase-এর structures এবং characteristics দেখিয়েছি। এই তিন ধরনের verb phrase-কেই আমরা এখানে যথাক্রমে complex predicator, compound predicator এবং idiomatic predicator হিসেবে অভিহিত করব। আবারও এই তিন ধরনের predicator-এর কয়েকটা করে উদাহরণ লক্ষ কর :

Complex Predicator

Some boys were flying kites in the field.
The work has been done successfully.
I will be watching television at 8 o'clock.

প্রশ্নবোধক বাক্যে complex predicator-এর auxiliary এবং lexical অংশ বিচ্ছিন্ন হয়ে যায়। যেমন :

Did you answer all the questions?
Why were they shouting there?
How long has it been raining?

Compound predicator

They got up a nice party last week. (আয়োজন করেছিল)
The police looked into the matter. (অনুসন্ধান করেছিল)
He turned down my proposal. (প্রত্যাখ্যান করেছিলেন)

Compound predicator হচ্ছে একটা lexical verb; complex verb phrase এর lexical অংশের মত এ ধরনের lexical verb-এর সাথে auxiliary verb ব্যবহার করা যায়। যেমন :

The guests did not turn up in time.
The teacher was handing out the scripts.

এ ধরনের predicator-কে আমরা complex-cum-compound predicator বলতে পারি।

Idiomatic Predicator : Idiomatic verb phrase বলতে আমরা কী বুঝি সেটা verb phrase-সংক্রান্ত আলোচনাতে বলা হয়েছে। verbal idiom-কেই আমরা এখানে clause-এর উপাদান হিসেবে predicator বলছি। এ ধরনের predicator-এর আরো কয়েকটা উদাহরণ এখানে দেয়া হলো :

All his wicked plans were nipped in the bud. (nip something in the bud অর্থ হচ্ছে খারাপ আশংকায় কোন কিছুকে অংকুরেই বিনষ্ট করে দেয়া।)

The government proposed this bill only to fly a kite. (জনমত যাচাইয়ের জন্য প্রস্তাব করা)

He was only beating about the bush instead of giving a relevant answer. (অপ্রাসঙ্গিক কিছু বলা)

3. The Complement : কোন কোন grammarian complement বলতে বাক্যের সেই অংশকে বুঝান যা verb-এর পরে বসে sentence-টিকে complete করে। কিন্তু এই বইতে আমরা complement বলতে সেই phrase-কে (a single word or a group of words) বোঝাব যা predicator-এর পরে বসে noun অথবা adjective হিসেবে কাজ করে। ইংরেজিতে বলতে পারি, the complement is the nominal or adjective phrase which follows the predicator in a clause. এখানে nominal বলতে বুঝানো হচ্ছে noun কিংবা noun-এর সমতুল্য অন্য কোন উপাদান। ইতোপূর্বে subject হিসেবে আমরা যে সব nominal-এর ব্যবহার দেখিয়েছি সেগুলোই কিন্তু predicator-এর পরে বসে complement হিসেবে কাজ করতে পারে। যেমন :

We drink water. (a single noun)
I like it very much. (a pronoun)
I enjoy cooking. (a single gerund)
He is my best friend. (a noun phrase)
I want to go there. (infinitive phrase)
I don't like to be defeated. (passive infinitive phrase)
I hate telling lies. (present participle phrase)

এর বাইরে অতিরিক্ত item হিসেবে complement হতে পারে কোন একটা single adjective অথবা adjective phrase. যেমন :

She looks beautiful.
Honey tastes sweet.
The girl is very intelligent.
You are lucky enough.

The complement is an optional element in a clause অর্থাৎ complement হচ্ছে clause-এর একটা ঐচ্ছিক উপাদান।

Complement ছাড়াও clause হতে পারে আবার একটা clause-এ একটা কিংবা দুইটা কিংবা সর্বোচ্চ তিনটা complement থাকতে পারে। যেমন :

The baby is sleeping. (no complement)
The cat killed a rat. (one complement)
He called me a genius. (two complements)
She served us the dinner hot. (three complements)

According to their functions and characteristics, *complements* are of *four* types. They are :

a) Complement to the subject (Cs),
b) Direct object (Od),
c) Indirect object (Oi), and
d) Complement to the object (Co).

এখন আমরা এক এক করে এই চার ধরনের complement এবং তাদের সঙ্গে সম্পর্কিত তিন ধরনের verb নিয়ে আলোচনা করব। প্রথমেই বলে নেই, যে verb-এর পরে কোন complement থাকে না তাকে বলা হয় *intransitive verb*. যেমন :

They are playing.
He is reading very loudly in his study.

Intransitive verb-এর পরে কোন কিছুই না থাকতে পারে (যেমন, উপরের প্রথম বাক্যটিতে verb এর পরে আর কিছু নেই), আবার এক বা একাধিক adjunct (adjunct বিষয়ে পরে বিস্তারিত জানতে পারবে) থাকতে পারে। যেমন, উপরের দ্বিতীয় বাক্যটিতে verb-এর পরে দু'টো adjunct (adverbial element যা verb-কে modify করে) আছে। মনে রাখবে, intransitive verb-এর পরে কোন complement (noun phrase কিংবা adjective phrase) থাকবে না।

Kinds of Complements

a) **Complement to the subject :** This kind of complement may be represented by a noun or adjective phrase. If it is a noun phrase, it is identical to the subject. অর্থাৎ এ ধরনের complement গঠিত হতে পারে noun কিংবা adjective phrase দ্বারা এবং complement-টা noun phrase হলে তা অবশ্যই subject-এর সঙ্গে identical বা অভিন্ন হবে। অর্থাৎ subject এবং complement একই ব্যক্তি বা বস্তুকে refer করবে। যেমন :

He is a professor of English.
The tiger is a ferocious animal.

Dabir was a doctor.
Neela must be an intelligent girl.
This is a very useful book.

এখানে প্রতিটা বাক্যেই subject দিয়ে যে ব্যক্তি, জন্তু কিংবা বস্তুকে বুঝানো হয়েছে, ঐ বাক্যের complement দিয়েও সেই ব্যক্তি, জন্তু এবং বস্তুকে বুঝানো হয়েছে। সেজন্যই এই ধরনের complement কে *complement to the subject* বলা হয়।

If the complement is an adjective phrase, it modifies the subject like a predicative adjective অর্থাৎ complement-টা adjective phrase হলে তা predicative adjective-এর মত subject-কে modify করে। যেমন :

She looks nervous.
The river runs dry in summer.
The girl is fairly tall.
I am feeling extremely tired.
The patient was declared dead.

The verb which is followed by a complement to the subject is called a *linking verb* অর্থাৎ যে verb-এর পরে complement to the subject বসে তাকে linking verb বলা হয়। Traditional grammar-এ linking verb-কে *copula* বলা হয়। "Be" হচ্ছে সবচেয়ে বেশি ব্যবহৃত linking verb. যেমন :

You are a nice boy.
He was very clever.

"Be" ছাড়া আরো অনেক verb-কে linking verb হিসেবে subject এবং complement to the subject-এর মাঝখানে ব্যবহার করা হয়। নীচের বাক্যগুলোতে এ রকম কিছু linking verb-এর ব্যবহার দেখো :

He appeared foolish before the board.
She became a professor at the age of 40.
Macbeth died a hero.
I felt nervous.
He ran mad.
The milk went bad.
The situation will remain unchanged.
The book smells old.
Your story sounds interesting.
Stay safe.
The driver got drunk (মাতাল).
Your proposal seems reasonable.
Rice sells dear (দামি).

Linking verb-এর আবার passive form-ও হতে পারে। যেমন :

He was named Raghib.
He was elected president.
They are considered eligible candidates.
The school was declared closed.

b) Direct object : This kind of complement is represented by a noun phrase which is different from the subject অর্থাৎ এ ধরনের complement হচ্ছে যে কোন ধরনের noun phrase যা subject থেকে ভিন্ন কিছুকে represent করে। যেমন :

We play cricket.

এখানে subject "We" একটা noun phrase এবং 'cricket' complement-টিও একটা noun phrase. কিন্তু 'we' দ্বারা বুঝানো হয়েছে একাধিক মানুষকে এবং "cricket" দ্বারা বুঝানো হয়েছে এক ধরনের খেলাকে। "Cricket" complement-টা subject থেকে ভিন্ন। সেজন্যই এটাকে object বলা হয়। যদি কোন clause-এর মধ্যে একটা মাত্র object থাকে তাহলে সেটাকে সব সময়ই *direct object* বলা হবে। সেটা প্রাণীবাচক না বস্তুবাচক সেটা কোন বিবেচ্য বিষয় নয়। নীচের বাক্যগুলোতে একক object হিসেবে ব্যবহৃত *direct object* গুলো লক্ষ কর :

We drink water (a single noun).
I love her (a single pronoun).
I enjoy cooking (a single gerund).
We defeated our opponents (noun phrase).
I hate telling lies (present participle phrase).
I would like to sit here (infinitive phrase).
He does not like to be criticized (passive infinitive phrase).

Clause গঠনকারী উপাদান হিসেবে এখানে ব্যবহৃত সবগুলো complement (প্রকারভেদ বিবেচনায় direct object) ই একেকটা phrase.

The verb which is followed by an object is called a *transitive verb* অর্থাৎ যে verb-এর পরে object থাকে তাকেই *transitive verb* বলা হয়। যে transitive verb-এর পরে একটা মাত্র object থাকে তাকে আমরা *monotransitive* verb বলতে পারি। নীচে আরো কয়েকটি monotransitive verb-এর ব্যবহার লক্ষ কর :

Some boys are flying kites on the roof.
He wrote a novel last year.
She answered my question.
I have bought a new bicycle.
Father wants a cup of tea.

They need our help.
He takes after (= resembles) his father.

কোন clause-এ যদি দুইটা object পাশাপাশি বসে তাহলে দ্বিতীয় অবস্থানের object-টাকে *direct object* বলা হয় এবং প্রথম object-টিকে *indirect object* বলা হয়। তৃতীয় type-এর complement হিসেবে indirect object-এর পরিচয় এক্ষুনি আলাদাভাবে দেয়া হচ্ছে।

c) Indirect object : This kind of complement cannot be used alone in a clause. In a pair of objects sitting side by side the indirect object always takes the first position অর্থাৎ এ ধরনের complement কখনো কোন clause-এ একাকি ব্যবহৃত হয় না। দু'টো object পাশাপাশি বসলে এটার অবস্থান হয় প্রথম। দ্বিতীয় অবস্থানে বসে direct object. Like a direct object, it (indirect object) is also represented by a noun phrase. এর অবস্থান হচ্ছে transitive verb এবং direct object-এর মাঝখানে। নীচের বাক্যগুলোতে indirect object-এর ব্যবহার লক্ষ কর :

I gave Nazma a flower (a single noun).
He sent me a birthday gift (a single pronoun).
I gave acting a second thought (a single gerund).
She bought her son a small cell phone. (a noun phrase)

এই বাক্যগুলোতে ব্যবহৃত transitive verb গুলোকে বলা হবে *ditransitive verb,* কারণ এদের প্রত্যেকটার পরে দু'টো করে object (একটা indirect এবং আরেকটা direct) বসানো হয়েছে। নীচে আরো কিছু ditransitive verb-এর উদাহরণ লক্ষ কর :

He asked me a difficult question.
She told her grandson a story.
I showed him my album.
Mr. Islam teaches us English grammar.
Mother made me a jumper (a kind of dress).
They envy me my car.
(আমার car থাকার জন্য তারা আমাকে ঈর্ষা করে।)
I brought them some new books.
They served us rich food.
He promised me a new set of dress.
Could you please fetch me my bag?

মনে রাখবে, ditransitive verb-এর পরে যে object দু'টি বসবে তারা উভয়ই subject থেকে যেমন ভিন্ন হবে তেমনি পরস্পরও ভিন্ন হবে। যেমন উপরের "He asked

me a difficult question" বাক্যটিতে "He (subject), "me" (indirect object) এবং "a difficult question" (direct object) উপাদান তিনটি একে অপর থেকে সম্পূর্ণ আলাদা। লক্ষ কর, উপরের প্রত্যেকটা বাক্যে দু'টো করে complement রয়েছে।

d) Complement to the object : This kind of complement comes after the direct object and refers to that object. Like the complement to the subject, it can also be represented by either a noun phrase or an adjective phrase অর্থাৎ এ ধরনের complement direct object-এর পরে বসে ঐ object-কে modify করে অথবা refer করে। Complement to the subject-এর মত এই complement-ও noun phrase কিংবা adjective phrase দ্বারা গঠিত হতে পারে। This complement must be different from the subject but identical (অভিন্ন) to the preceding (পূর্ববর্তী) object. নীচের বাক্যগুলোতে ব্যবহৃত complement to the object গুলো লক্ষ কর :

They called me a genius (noun phrase).
We elected him captain (noun phrase).
I found the cat dead. (adjective phrase).
The chairman declared the programme open.
(adjective phrase)

এই বাক্যগুলোতে প্রত্যেকটা italicized phrase হচ্ছে একটা complement যা আবার তার পূর্ববর্তী complement (direct object)-টিকে refer বা describe করেছে। সে কারণেই এদেরকে বলা হয় complement to the object. এ ধরনের বাক্যে একটা object আছে বিধায় verb-টা monotransitive কিংবা object-এর পরে একটা complement to the object আছে বলে এদেরকে বলা হয় *complex monotransitive*.

এই বাক্যগুলোকেই আবার passive form-এ লিখলে (passive voice সম্পর্কে পরে বিস্তারিত জানতে পারবে।) এখানে ব্যবহৃত উপাদানগুলোর nature এবং function ভিন্ন হয়ে যাবে। যেমন :

I was called a genius.
The cat was found dead.

এই passive বাক্য দু'টিতে যে complements (a genius এবং dead) ব্যবহার করা হয়েছে তাদের পূর্বে কোন object নেই; সুতরাং তারা কোন object-কে refer বা describe করে না। তারা বরং refer বা describe করে বাক্যের subject-কে। সেজন্য এদেরকে বলা হয় complement to the subject এবং তাদের পূর্বে ব্যবহৃত verb হচ্ছে *passive linking verbs*.

আগেই বলা হয়েছে, একটা clause বা simple sentence-এ সর্বোচ্চ তিনটা complement থাকতে পারে। যেমন :

She gave me the flowers fresh.
They served us the dinner hot.

এখানে উভয় বাক্যেই তিনটা করে complement আছে। প্রথম complement-টা indirect object, দ্বিতীয়টা direct object এবং তৃতীয়টা হচ্ছে complement to the direct object. দু'টো object থাকার কারণে verb-টা হচ্ছে ditranstive এবং দ্বিতীয় object-এর পরে আরেকটা complement থাকার কারণে verb-টিকে বলা হয় *complex ditransitive verb*.

4. Adjuncts : The *adjunct* is an optional (ঐচ্ছিক) element in a clause অর্থাৎ কোন একটা clause-এ একটাও adjunct না থাকতে পারে আবার এক বা একাধিক (যে কোন সংখ্যক) adjunct থাকতে পারে। নীচের বাক্যগুলো লক্ষ কর :

He is walking. (no adjunct)
He walks very fast. (one adjunct)
I went abroad last year. (two adjuncts)
The bus suddenly stopped on the way around 8'clock. (three adjuncts)

Adjunct কী ধরনের উপাদান? It is the adverbial which modifies the verb phrase or *predicator* in the clause অর্থাৎ adjunct হচ্ছে যে কোন ধরনের adverbial যা কোন একটা clause-এর predicator-কে modify করে। এটি একটি single word-ও হতে পারে আবার একটা phrase-ও হতে পারে। [উপরের উদাহরণগুলো দ্রষ্টব্য] An adverbial may be defined as anything that modifies a verb অর্থাৎ verb-কে modify করে এমন যে কোন শব্দ বা শব্দগুচ্ছকেই আমরা adverbial বলতে পারি। নীচে কয়েক ধরনের adverbial-এর উদাহরণসহ পরিচয় দেয়া হলো :

Adverbial of Manner : This adverbial answers the question, "How does an action take place?" অর্থাৎ এই adverbial-এর মাধ্যমে আমরা জানতে পারি এটি যে verb-কে modify করে সেটা কীভাবে ঘটে। এই adverbial-এর headword হিসেবে যে adverb-টি ব্যবহৃত হয় সাধারণত সেটি তৈরি করা হয় কোন adjective-এর সঙ্গে ly যোগ করে। যেমন :

The boy reads loudly.
I entered the room silently.
They have nicely decorated their house.

তবে অনেক original word-ও adverbial of manner হিসেবে ব্যবহৃত হয়। যেমন :

The bus is running fast.
You should study hard.
I have done well in the exam.

আবার কিছু idiom-ও adverbial of manner হিসেবে কাজ করে। যেমন :

Don't speak like a fool.

You should behave like a good boy.

Adverbial of place : This kind of adjunct or adverbial tells us *where* an action takes place অর্থাৎ এই ধরনের adverbial-এর মাধ্যমে আমরা জানতে পারি কোন কাজ কোথায় অনুষ্ঠিত হয়। This adverbial may be represented by a single word or a prepositional phrase indicating a place. Look at the following examples:

Single words : I am going home.

They are living abroad.

We were boating upstream/downstream. (স্রোতের প্রতিকূলে/অনুকূলে)

She sleeps upstairs/downstairs. (উপরতলায় / নীচতলায়)

They are now driving downtown/ uptown. (বাণিজ্যিক এলাকার দিকে/ আবাসিক এলাকার দিকে)

Come here.

Go there.

Prepositional phrases: Put the boy on the table.

Keep the money in the box.

I found the key under the mattress.

Birds are flying above the trees.

They were waiting outside the door.

They were talking inside the house.

Adverbial of time : An adverbial of time says when an action takes place অর্থাৎ কোন কাজ কখন ঘটে তা আমরা জানতে পারি adverbial of time-এর মাধ্যমে। এই adverbial-ও একটা single word কিংবা preposition phrase দ্বারা তৈরি হতে পারে। আবার preposition-বিহীন অন্য phrase দিয়ে এই adjunct গঠন করা যায়। নীচের উদাহরণগুলো লক্ষ কর:

I am feeling sick now/today.

He went home yesterday.

Can you see me tomorrow?

He was born in 1955.

Please visit me on Sunday.
The accident happened in the morning.
People sleep at night.
I shall see you next Sunday.
He came here last week.

Adverbial of purpose : This kind of adverbial tells us why an action happens অর্থাৎ এই ধরনের adverbial আমাদেরকে জানায় কোন্ উদ্দেশ্যে কোনকিছু করা হয়। উদ্দেশ্য বুঝাতে আমরা সাধারণত infinitive phrase ব্যবহার করি। যেমন :

I go home every Friday to see my mother.
I shall go to college to attend a meeting.
He studies hard to pass the exam.

Adverbial of Reason : This kind of adverbial gives reasons for the action indicated by the verb in the clause অর্থাৎ এই জাতীয় adverbial-এর মাধ্যমে verb দ্বারা নির্দেশিত কাজের কারণ জানা যায় । যেমন :

He could not attend the class for his sickness.
Thank you for inviting me.
He was arrested for violating the traffic rule.

These phrases are structurally prepositional but functionally adverbial.

Adverbial for Frequency : This kind of adverbial tells us how frequently an action happens অর্থাৎ এই adverbial-এর মাধ্যমে আমরা জানতে পারি কত ঘন ঘন একটা কাজ সংঘটিত হয়। নীচের উদাহরণগুলো লক্ষ কর :

Muslims say prayers five times a day.
I take tea twice a day.
He visits me twice a week.
Take this medicine every other day. (একদিন পর পর)
She comes here every now and then. (প্রায়ই)
It often rains here. (প্রায়ই)

এই অধ্যায়ে clause-এর চারটি উপাদান নিয়ে আলোচনা করা হলো। মনে রাখবে একটা clause যখন নিজেই একটা অর্থবহ sentence তৈরি করে তখন তাকে simple sentence বলা হয়। সেই অর্থে এই অধ্যায়ে simple sentence-এর structure-ও দেখানো হয়েছে।

Practice Part

1. Divide the following clauses (= one-clause sentences) into their structural elements (S, P, C and A) and identify their types :

   Example : Our English teacher / is / a talented person. (S+P+C)

   a) Many boys and girls are playing in the field.
   b) Diana was killed in a car crash.
   c) We have won the game very comfortably.
   d) He died young.
   e) How beautiful the bird is!
   f) How much money was spent on these clothes?
   g) How much money did you spend?
   h) She gave me some fresh flowers on my birthday.
   i) Birds fly freely in the sky in the evening.
   j) Last week we went to India on a study tour.
   k) Now-a-days television constantly bores us with commercials.
   l) Nevertheless, we watch its endless programmes.
   m) He turned off the television.
   n) The train suddenly stopped on the way before the station.
   o) He has already become an octogenarian.
   p) Listen to me attentively.
   q) They have been doing this work for two hours.
   r) He sent his son abroad for higher education.
   s) How sweet the music sounds!
   t) Her golden hair is shining brightly in the sunshine.

2. Identify the underlined types of complements (complement to the subject, direct object, indirect object and complement to the object) in the following sentences. One example is given for you:
   The plants grew <u>very tall</u>.

   Answer : Complement to the subject.

   a) I found <u>the task</u> <u>very difficult</u>.
   b) Shakespeare wrote <u>154 sonnets</u>.
   c) A sonnet is <u>a poem of fourteen lines</u>.
   d) <u>How long</u> was the journey?
   e) He sent <u>his son</u> <u>a gift</u> on his birthday.
   f) Please grant me <u>three days' leave</u>.
   g) We consider him <u>a brilliant student</u>.

h) The man ran mad.
i) He does not know how to swim.
j) A rolling stone gathers no moss.
k) How much money do you need?
l) Whom do you call a genius?
m) Would you please lend me some money?
n) The boy was declared winner.
o) He was given a big prize.
p) She appeared extremely nervous.
q) I enjoy playing badminton.
r) He gave the door a violent push.
s) I don't take any sugar in my tea.
t) No news is good news.

3. Identify the predicators in the following sentences as transitive, intransitive or linking and give reasons for your answer :

Example : He *is reading*.

Answer : This is an intransitive predicator, because there is no complement after it.

a) He *turned off* the fan.
b) I *run* a school in my village.
c) She *became* a famous writer.
d) Both of them *were killed* in an accident.
e) He *was given* a prize.
f) I *prefer* chicken to beef.
g) He *died* at the age of sixty.
h) He *died* a heroic death.
i) Shops *open* at 9 o'clock.
j) They *open* their shop at 9 o'clock.
k) He *looks after* his old parents.
l) It *rained cats and dogs* yesterday.
m) The accident *took place* near the bridge.
n) He *turned up* in time.
o) I asked her to *turn up* the tap.
p) He *can't walk* fast.
q) We *caught* a big fish.
r) Don't *run away*.
s) Nobody *likes* a liar.
t) Why *are* you *wasting* your time?

CHAPTER 6

Sentences and their Functional Categories

The sentence is the biggest grammatical unit which consists of words, phrases and clauses, and expresses a complete meaning অর্থাৎ sentence হচ্ছে সবচেয়ে বড় grammatical unit যা একটা সম্পূর্ণ অর্থ প্রকাশ করে এবং যার মধ্যে এক বা একাধিক word, phrase এবং clause থাকে। Word, phrase এবং clause নিয়ে আমরা পূর্ববর্তী অধ্যায়গুলোতে আলোচনা করেছি। আমরা আগেই জেনেছি, যে sentence-এর মধ্যে একটা মাত্র clause থাকে তাকে আমরা simple sentence বলি (একাধিক clause বিশিষ্ট sentence নিয়ে আমরা পরে আলোচনা করব।) এই অধ্যায়ে আপাতত আমরা sentence-কে শুধু simple sentence হিসেবেই বিবেচনা করব এবং এর general characteristics এবং functional classification দেখাব।

Characteristics of Sentences

a) A sentence is a word or a group of words অর্থাৎ একটা বাক্যের মধ্যে এক বা একাধিক শব্দ থাকতে পারে। যেমন :

Come.
Come here.
Come here quickly.

এখানে প্রথম বাক্যটিতে একটি, দ্বিতীয় বাক্যটিতে দু'টি এবং তৃতীয় বাক্যটিতে তিনটি শব্দ রয়েছে। একটা বাক্যে কয়টা শব্দ থাকতে পারে সে ব্যাপারে ধরাবাঁধা কোন নিয়ম নেই। একটা বড় sentence-এ যে কোন সংখ্যক word থাকতে পারে। যেমন :

All the boys and girls of this class have been requesting their class teacher for a long time to arrange a special grammar class for them.

এটি একটি simple sentence কিন্তু গুণে দেখো-এর মধ্যে মোট ২৬টি শব্দ রয়েছে।

b) A sentence expresses a complete meaning অর্থাৎ একটা বাক্য সবসময় একটা পরিপূর্ণ অর্থ প্রকাশ করে। যেমন :

Raise your hands.
Don't run away.
The two girls are gathering dry leaves.

এই বাক্যগুলোর প্রত্যেকটাই একটা পরিপূর্ণ অর্থ প্রকাশ করেছে।

c) A sentence must have one subject and one predicator অর্থাৎ একটা বাক্যে অবশ্যই একটা subject এবং একটা predicator থাকতেই হবে। ঐচ্ছিক উপাদান হিসেবে অন্য কিছুও থাকতে পারে। শুধুমাত্র imperative sentence-এ subject উহ্য থাকে। যেমন :

Look at the sky.
Many kites are flying there.
They were shouting slogans on the street.

এখানে শুধু প্রথম বাক্যে subject উল্লেখ করা হয়নি কিন্তু predicator (look) আছে। কিন্তু পরবর্তী দু'টি বাক্যেই compulsory element হিসেবে subject এবং predicator আছে।

d) A sentence has two parts—subject and predicate অর্থাৎ প্রত্যেক বাক্যে subject এবং predicate নামে দু'টো অংশ থাকে। যার সম্পর্কে কিছু বলা হয় তাকে বলা হয় subject এবং subject সম্পর্কে যা বলা হয় সেটি হচ্ছে predicate. যেমন :

Mira is a medical student.
She works very hard.
Her parents want her to be a good doctor.

এখানে প্রতিটা বাক্যকেই দু'ভাগে ভাগ করা হয়েছে— প্রথম ভাগ হচ্ছে subject দ্বিতীয় ভাগ হচ্ছে predicate.

e) Every sentence has got a particular structural pattern অর্থাৎ প্রত্যেক বাক্যেরই একটা নির্দিষ্ট গঠনগত pattern আছে। যেমন :

He is a poet.
He has written a lot of poems.

এখানে প্রথম বাক্যের structure হচ্ছে : Subject + linking verb + complement to the subject এবং দ্বিতীয় বাক্যের structure হচ্ছে : Subject + transitive verb + direct object.

f) Every sentence has a communicative function অর্থাৎ প্রত্যেক বাক্যেরই একটা সামাজিক যোগাযোগমূলক ভূমিকা থাকে। যেমন :

Would you please lend me your pen?
Stand away from here. (এখান থেকে সরে দাঁড়াও।)

এখানে প্রথম বাক্যটির function হচ্ছে অনুরোধ করা এবং দ্বিতীয় বাক্যটির function হচ্ছে আদেশ করা।

g) In writing, a sentence always begins with a capital letter অর্থাৎ লেখার সময় প্রত্যেক বাক্য capital letter বা বড় হাতের অক্ষর দিয়ে শুরু হয়। যেমন :

How are you?
To err is human.
May Allah bless you.

h) In writing, a sentence ends with a full stop, or a question mark or an exclamation mark অর্থাৎ লেখার ক্ষেত্রে বাক্যের শেষে তার ধরন অনুযায়ী full stop কিংবা প্রশ্নবোধক চিহ্ন কিংবা বিস্ময়সূচক চিহ্ন ব্যবহৃত হয়। যেমন :

The sun rises in the east.
Do you know his name?
How beautiful the bird is!

এখানে তিনটা বাক্যের শেষে তিন ধরনের যতি-চিহ্ন ব্যবহার করা হয়েছে। এগুলো হচ্ছে বাক্যের identification marks বা পরিচিতি চিহ্ন।

Functional Categories of Sentences

Language is a means of communication অর্থাৎ ভাষা হচ্ছে যোগাযোগের মাধ্যমে। আমরা প্রতিনিয়ত একে অপরের সঙ্গে যোগাযোগের জন্য ভাষা ব্যবহার করি এবং উদ্দেশ্যের ভিন্নতা অনুসারে নানা ধরনের sentence-এর প্রয়োজন হয়। According to their different communicative functions, sentences in English are divided into five major categories. They are as follows :

1. Statements or Assertive sentences
2. Questions or Interrogative sentences
3. Commands or Imperative sentences
4. Optative sentences
5. Exclamatory sentences.

এখন আমরা এক এক করে এই পাঁচ ধরনের বাক্য নিয়ে কথা বলব :

Statements or Assertive Sentences : An assertive sentence (also called a statement or a declarative sentence) describes a state of something, expresses an idea or makes a comment on a person, place or thing অর্থাৎ এই ধরনের বাক্যের সাহায্যে কোন কিছুর অবস্থা বর্ণনা করা হয়, কোন ধারণা/ভাবনা প্রকাশ করা হয় অথবা কোন ব্যক্তি, স্থান কিংবা বস্তু সম্পর্কে মন্তব্য করা হয়। নীচের বাক্যগুলো লক্ষ কর :

The fish curry was very hot.
I take an evening walk everyday.
The boy is very clever.
Morning shows the day.
The weather here is rainy today.

These assertive sentences are all positive (ইতিবাচক). Assertive sentences may also be negative (নেতিবাচক). Negative statement-এ no, never, not, neither, hardly, seldom জাতীয় negator (না বাচক শব্দ) ব্যবহার করা হয়। নীচের negative statement গুলো লক্ষ কর :

I have no problem.
You should never tell a lie.
He did not accept my proposal.
It hardly rains here.
A barking dog seldom bites.
I have met neither of them.

Positive/Affirmative এবং negative উভয় ধরনের Assertive sentence-এর পরেই বিরাম চিহ্ন হিসেবে full stop বা period ব্যবহার করা হয়। "Period" হচ্ছে "full stop"-এর আমেরিকান নাম।

Questions or Interrogative Sentences : Interrogative sentences are those which are used to ask questions in order to gather information অর্থাৎ interrogative sentence বলতে আমরা সেই ধরনের sentence বুঝি যা ব্যবহার করে আমরা কোন তথ্য সংগ্রহের জন্য কাউকে কোন প্রশ্ন করে থাকি। প্রশ্নবোধক বাক্যে word-order কিংবা শব্দক্রম একটু আলাদা। এক্ষেত্রে

subject-এর আগে verb বসে এবং কোন কোন প্রশ্নের শুরুতে একটা "wh" বিশিষ্ট একটা question word বসে। যেমন :

Do you take tea?
How many cups of tea do you take a day?

Interrogative sentence-এর শেষে লেখার ক্ষেত্রে প্রশ্নেবোধক চিহ্ন বা note of interrogation ব্যবহৃত হয়। Full-length question হিসেবে interrogative sentences দু'রকম : verbal questions এবং wh-questions.

Verbal questions are those which begin with a verb. The verb may be a principal "be" verb or an auxiliary verb. For example:

Are you a student?
Do you like to read literature?
Can you speak English?
Was he not your friend?
Did you never tell a lie?
Will you not listen to me?

লক্ষ করে দেখো উপরের প্রতিটা প্রশ্নই verb ("be" verb, auxiliary verb কিংবা modal) দিয়ে শুরু হয়েছে এবং verb-এর পরে subject বসেছে। Assertive sentence-এর মত interrogative sentence-ও affirmative কিংবা negative হতে পারে। দৈনন্দিন জীবনের conversational ইংরেজিতে negative questions-এ "verb" এবং "not" শব্দ দুটি এক সঙ্গে যুক্ত হয়ে এভাবে ব্যবহৃত হয়।

Aren't you a student?
Don't you like tea?
Can't you speak English?
Didn't you ever tell a lie?
Wasn't he your friend?
Won't you listen to me?

এ ধরনের verbal question-এর জবাব Yes/no বলে দেয়া যায় বিধায় এদেরকে Yes/no questions-ও বলা হয়।

On the other hand, wh-questions are those which begin with a wh-question word like *who*, *why*, *when* and so on অর্থাৎ যে সব question-এর শুরুতে *why*, *when* বা অন্য কোন "wh" question word ব্যবহার করা হয় তাদেরকে wh-questions বলা হয়। যেমন :

Why are you shouting here?
Who is sitting over there?
Where do you come from?
How are you?
Which book do you want to read?

এগুলো হচ্ছে affirmative wh-questions; wh-questions-ও negative হতে পারে। যেমন :

Why are you not taking your tea?
Which book is not yours?
When didn't you ask for my help?

Interrogative sentence-এ সাধারণত subject-এর আগে "be" verb কিংবা auxiliary verb বসে। কিন্তু question-word-টা নিজেই যদি প্রশ্নটার subject-হিসেবে কাজ করে তাহলে এই নিয়ম প্রযোজ্য হবে না। সে ক্ষেত্রে interrogative sentence-টিরও শব্দক্রম (word order) হবে statement-এর মত। যেমন :

Who went there?
Who is here?
What happened to you?

এই বাক্যগুলোর structure হচ্ছে assertive sentence-এর মত। শুধুমাত্র বাক্যগুলোর শেষে প্রশ্নবোধক চিহ্ন দেখে বুঝতে হবে এগুলো interrogative sentence বা প্রশ্নবোধক বাক্য।

উপরে বর্ণিত দু'ধরনের (verbal questions এবং wh-questions) independent questions-এর বাইরে ইংরেজিতে কোন একটা statement-এর পরে এক ধরনের দুই-শব্দ বিশিষ্ট সংক্ষিপ্ত question যুক্ত হয়। নীচের বাক্য দু'টি লক্ষ কর :

You are a teacher, aren't you?
You did not do this work, did you?

এখানে দু'টো বাক্যেই প্রথমে একটা statement আছে এবং ঐ statement-টিকে confirm করার জন্য এর পর comma দিয়ে একটা সংক্ষিপ্ত প্রশ্ন যোগ করা হয়েছে। এই অবস্থানে ব্যবহৃত এ ধরনের সংক্ষিপ্ত dependent question-কে tag question হিসেবে অভিহিত করা হয়। এ ধরনের বাক্যগুলো simple sentence নয় বলে এ সম্পর্কে আমরা এখানে বিস্তারিত আলোচনা করব না। শুধু এটুকুই বলব যে, a tag question is a dependent question which depends on the preceding statement.

Statement-টা affirmative হলে tag question হবে negative এবং statement-টা negative হলে tag question হবে affirmative. Tag question-এর structure হচ্ছে verb+subject. Verb-টি negative হলে সেটা অবশ্যই contracted form-এ হবে এবং statement-এর subject-টা noun হোক আর pronoun হোক, tag question-এর subject-টা সব সময়ই pronoun হবে। যেমন :

Your father is a doctor, isn't he?

এখানে statement-এর subject হচ্ছে একটা noun phrase (your father) কিন্তু tag question-এর subject একটা pronoun (he).

Commands or Imperative Sentences : An imperative sentence is one which we use to give orders or commands অর্থাৎ imperative sentence হচ্ছে সেই ধরনের বাক্য যা আমরা সাধারণত আদেশ দিতে ব্যবহার করি। কিন্তু শুধু আদেশ দেয়াই এ ধরনের বাক্যের একমাত্র কাজ নয়। কোন কোন sentence ব্যবহার করে আমরা কাউকে উপদেশ দিতে পারি, নির্দেশনা দিতে পারি কিংবা কাউকে কিছু করতে অনুরোধ করতে পারি। এ ধরনের বিভিন্ন function cover করে আমরা বলতে পারি, The function of an imperative sentence is to tell someone to do or not to do something. যেমন :

Stand up. (order)
Please give me some tea. (request)
Boil the egg for five minutes. (instruction)
Take some rest. (advice)
Don't litter the place. (prohibition)
Let us arrange a picnic. (proposal)

বুঝতেই পারছ, imperative sentence-এর বিভিন্ন রকম function আছে কিন্তু সবকিছু মিলিয়ে কাউকে কিছু করতে কিংবা না করতে বলাই হচ্ছে imperative sentence-এর মোটা দাগের কাজ।

Structure-এর দিক থেকে imperative sentence-এর প্রধান বৈশিষ্ট্য হচ্ছে এই যে, এটা শুরু হয় verb দিয়ে, subject দিয়ে নয়। এ ধরনের বাক্যে subject থাকেই না। তবে question form ব্যবহার করেও অনেক সময় কাউকে কিছু করতে অনুরোধ করা হয়। যেমন :

Can you please do me a favour?
Would you mind closing the door?

এ দু'টি বাক্য structurally interrogative হলেও function-এর দিক থেকে এরা imperative. যে বাক্যটি structurally imperative তার শেষে অবশ্যই full stop বা period ব্যবহার করতে হবে।

Optative Sentences : Optative sentences are those which express prayers, keen desires, curses and so on অর্থাৎ যে ধরনের বাক্যের সাহায্যে দোয়া, তীব্র আকাঙ্ক্ষা বা অভিশাপ ইত্যাদি প্রকাশ করা হয় তাকেই optative sentence বলা হয়। দোয়া বুঝাতে optative sentence সাধারণত "may" দিয়ে শুরু হয়। যেমন :

May you live long.
May you have a happy married life.
May God bless you.

আবার "may" ব্যবহার না করেও এভাবে দোয়া করা যায়।

Long live the king.
Have a safe journey.
Happy birthday to you.
I wish you good luck.

কাউকে অভিশাপ দিয়ে এভাবে optative sentence ব্যবহার করা যায় :

May God ruin your career.
May you be destroyed.

বিরামচিহ্ন হিসেবে optative sentence-এর শেষে সাধারণত full stop বা period ব্যবহৃত হয়।

Exclamatory sentences : Exclamatory sentences express strong emotions of joy and sorrow অর্থাৎ exclamatory sentence-এর কাজ হচ্ছে হর্ষ কিংবা বিষাদের গভীর আবেগ-অনুভূতি প্রকাশ করা। এই ধরনের বাক্যেও শব্দক্রম পরিবর্তিত হয় এবং বাক্যের শেষে note of exclamation ব্যবহৃত হয়। যেমন :

How beautiful the bird is!
What a tragic scene it was!

তবে আবেগ প্রকাশ করতে সব সময় পূর্ণ বাক্য ব্যবহার করা হয় না। নীচের exclamatory expression গুলো লক্ষ কর :

Oh my God!
Good God!
How strange!

Sentence-এর structural category নিয়ে আমরা পরবর্তী কোন অধ্যায়ে আলোচনা করব।

Practice Part

1. Identify the functional category of each of the following sentences:
   a) The earth moves round the sun.
   b) Did you sit the exam?
   c) Whose book is it?
   d) Don't waste your time.
   e) Please leave me alone.
   f) May we all prosper in life.
   g) What a fantastic idea!
   h) Enjoy your time.
   i) The sun goes down in the west.
   j) A bad workman quarrels with his tools.

2. Change the following statements into verbal questions:
   a) He comes here regularly.
   b) It often rains here.
   c) You are making a noise.
   d) She invited me to her wedding.
   e) He cannot run fast.
   f) You should give up smoking.
   g) He has built a new house.
   h) She was cooking dinner.
   i) They were my opponents.
   j) He will come here tomorrow.

3. Suppose the following statements are answers to wh-questions. Write those questions using the wh-words given in brackets. One is done for you as an example :

   Statement : He has three children. (How many)

   Answer : How many children does he have?

   a) My father is a banker. (What)
   b) I asked Karim to do the work. (Whom)
   c) This book is mine. (Which, Whose)

d) I went there to meet my friend. (Why)
e) I met him on the bridge. (Where)
f) This dress cost me 5,000 takas. (How much)
g) It has been raining for two hours. (How long)
h) I am fine. (How)
i) He has done very well in the exam. (How)
j) I have written more than 30 books. (How many)
k) The station is five miles from here. (How far)
l) I go to bed at 11 pm. (When)
m) He comes here thrice a week. (How often)
n) I was born in Dhaka in 1990. (Where, When)
o) Rimu broke this glass. (Who)

CHAPTER 7

The Voice in Sentences

The voice refers to the manner of writing a sentence which shows whether its subject is the performer (doer) of the action expressed by the verb in it or it is the recipient/patient/doee of the same action অর্থাৎ voice বলতে আমরা কোন ইংরেজি বাক্য গঠনের ঐ নিয়মকে বুঝি যা থেকে বুঝা যায় ঐ বাক্যের subject (যার সম্পর্কে কিছু বলা হয়) verb দ্বারা নির্দেশিত কাজের doer/ performer/agent বা সম্পাদনকারী নাকি ঐ কাজের patient/recipient /doee বা ফলভোগকারী। নীচের বাক্য দু'টি লক্ষ কর :

They slaughtered (জবাই করা) a cow.
A cow was slaughtered by them.

এ দু'টি বাক্যের meaning বা অর্থ একই কিন্তু তাদের গঠন প্রক্রিয়ায় পার্থক্য রয়েছে। প্রথম বাক্যের grammatical subject হচ্ছে "They" এবং এটাই হচ্ছে জবাই করা কাজটির performer বা doer কিন্তু দ্বিতীয় বাক্যের grammatical subject হচ্ছে "A cow" এবং এই subject-টি হচ্ছে উল্লিখিত কাজের ফলভোগকারী patient/ recipient/doee (যাকে কোন কিছু করা হয়)। এই গঠনরীতির পার্থক্যের ভিত্তিতে উপরের প্রথম বাক্যটিকে বলা হয় *active voice* এবং দ্বিতীয় বাক্যটিকে বলা হয় *passive voice.* এখন আমরা এই দু'রকম voice সম্পর্কে বিস্তারিত আলোচনা করব। তবে এই অধ্যায়ে আমরা শুধু পূর্ববর্তী অধ্যায়ে আলোচিত functional categories of sentences-এর active এবং passive form গুলো দেখাব। বিভিন্ন tense-এর বিভিন্ন passive verb নিয়ে আমরা পরবর্তী tense শীর্ষক অধ্যায়ে আলোচনা করব।

Active Voice

The active voice refers to the form of a sentence in which the subject is the doer of the action denoted by the following verb অর্থাৎ সংক্ষেপে আমরা বলতে পারি, যে বাক্যের subject নিজেই কিছু করে তাকেই *active voice* বলা

হয়। তবে এখানে আরেকটা বিষয় বিবেচনা করতে হবে। Active voice-এর structure-এ subject-এর পরে একটা transitive verb থাকতে হবে এবং তার সাথে object হিসেবে একটা doee থাকতে হবে। নীচের উদাহরণগুলো লক্ষ কর :

My son reads silently.

এই বাক্যটির subject পরবর্তী verb-টির doer বটে কিন্তু এখানে "reads" verb-টি transitive নয় এবং এর পরে কোন object নেই। অতএব, এই বাক্যটি *active voice* হিসেবে বিবেচিত হবে না।

পক্ষান্তরে,

My son is learning English.

এই বাক্যটির subject হচ্ছে পরবর্তী verb-এর doer এবং verb-টি transitive, কারণ এর সঙ্গে একটা object আছে কাজটির patient বা doee হিসেবে। অতএব, এই বাক্যটিকে আমরা *active voice* বলে গণ্য করব।

এখানে আরেকটা ব্যাপার আছে। যে কোন transitive verb বিশিষ্ট বাক্যই active voice নয়। Active voice হতে হলে verb-পরবর্তী object-টাকে অবশ্যই doee হতে হবে। যেমন:

I have a car.
He resembles his father.
They lack confidence.

এই বাক্যগুলোতে transitive আছে এবং object-ও আছে। কিন্তু object-গুলো কোন কাজের ফলভোগকারী recipient বা doee নয়। অতএব, এই বাক্যগুলোকে আমরা active voice বলব না। মনে রাখবে, active voice-এর structure হতে হবে : Subject (doer) + transitive verb + object (doee)। নীচের active voice-এর sentence গুলো লক্ষ কর :

We arranged a picnic.
They invited us to dinner.
She has bought a new dress.
The committee will hold a meeting.
I have caught a big fish.

Passive Voice

The passive voice refers to the form of a sentence in which the grammatical subject is the doee of the action denoted by the verb in it অর্থাৎ সংক্ষেপে আমরা বলতে পারি, যে বাক্যের grammatical subject নিজে কোন কাজ করে না বরং তাকেই কিছু করা হয় সেটাকেই *passive voice* বলা হয়। Passive

voice-এ অনেক সময় verb-এর পরে ব্যবহৃত "by phrase" (যে phrase-টা "by" preposition দিয়ে শুরু হয়) এর object হিসেবে doer-কে উল্লেখ করা হয়। যেমন :

This play is written by Shakespeare.
He was praised by his teacher.
The house was destroyed by a storm.

এই বাক্যগুলোতে ব্যবহৃত subject গুলো হচ্ছে doee এবং "by"-এর পরে ব্যবহৃত noun গুলো হচ্ছে তাদের নিজ নিজ verb-এর doer বা performer. অতএব, এগুলো হচ্ছে passive voice-এর উদাহরণ। Passive voice-এর normal structure হচ্ছে : subject (doee) + passive verb + by + doer.

তবে অনেক passive voice-এই শেষের "by + doer" phrase-টা থাকে না, কারণ doer-কে সেক্ষেত্রে অজানা কিংবা অগুরুত্বপূর্ণ হওয়ার কারণে উল্লেখ করা হয় না। যেমন :

He was killed in an accident.
The exam will be held tomorrow.
She was born in Rajshahi.

এই passive বাক্যগুলোতে passive verb-এর পরে তাদের doer-এর উল্লেখ নেই। আছে শুধু একটা adverbial. সুতরাং Passive sentence-এর basic compulsory elements হচ্ছে subject (doee) এবং একটা passive verb phrase. অন্য element গুলো হচ্ছে optional বা ঐচ্ছিক।

Active voice-এর verb-টিকে বাধ্যতামূলকভাবেই transitive হতে হয়। কিন্তু passive voice-এর ক্ষেত্রে verb-এর পরে ব্যবহৃত element-এর nature অনুসারে verb-এর ধরন নির্ধারিত হয়। যেমন :

He was expelled for cheating in the exam.
He was declared dead.
I was given a nice gift.

এখানে প্রথম বাক্যের *was expelled* verb-টা হচ্ছে intransitive, কারণ এর পরে একটা prepositional adverbial phrase রয়েছে। দ্বিতীয় বাক্যের *was declared* হচ্ছে একটা linking verb, কারণ এর পরে যে adjective ব্যবহার করা হয়েছে সেটা হচ্ছে complement to the subject এবং তৃতীয় বাক্যের *was given* একটা transitive verb, কারণ এর পর যে complement-টা ব্যবহার করা হয়েছে সেটা subject থেকে ভিন্ন, অতএব, object. Active voice-এর transitive verb অধিকাংশ ক্ষেত্রেই passive voice-এ গিয়ে তার transitive quality হারিয়ে ফেলে। এরকম হারিয়ে ফেলার ব্যাপারটিকে detransitivization বলা হয়।

Change of Voice

আমাদের দেশের স্কুল, কলেজ, এমনকি বিশ্ববিদ্যালয় স্তরের grammar-এর পরীক্ষায় change of voice-কে একটা common test item হিসেবে ব্যবহার করা হয়। সেখানে ছাত্রদেরকে কিছু active voice-এর বাক্যকে passive voice-এ change করতে বলা হয় এবং কিছু passive voice-এর বাক্যকে active করতে বলা হয়। এরকম voice পরিবর্তনের দু'টি example লক্ষ কর :

Active : Reza scored the first goal.
Passive : The first goal was scored by Reza.
Passive : The letter has been written by me.
Active : I have written the letter.

আগেই বলা হয়েছে, একটা বাক্যের voice পরিবর্তন করলে তার মূল অর্থের তেমন কোন পরিবর্তন হয় না। পরিবর্তন হয় শুধু focus-এর। Active voice-এ মূল focus থাকে কোন কাজের doer-এর উপর এবং সেজন্য এটাকেই বাক্যের প্রথমে subject হিসেবে ব্যবহার করা হয়। পক্ষান্তরে, passive voice-এ মূল focus থাকে কোন কাজের doee-এর উপরে এবং সেজন্য এটাকেই emphasize করার জন্য বাক্যের প্রথমে subject হিসেবে ব্যবহার করা হয়। Active voice-এর subject শুধু grammatical নয় logical-ও বটে (কারণ এটি কোন কাজের performer), কিন্তু passive voice-এর subject শুধুই grammatical (কারণ এর সম্বন্ধে কিছু বলা হয়), logical নয় (কারণ এটি কিছু করে না)। কোন বাক্যের voice পরিবর্তনের ফলে যা ঘটে তা হলো doer এবং doee-এর অবস্থানগত ও গুরুত্বগত পরিবর্তন, basic/deep structure-এ পরিবর্তন নয়।

Voice Changing Rules

এখানে আমরা দেখাব কোন্ rule বা নিয়ম অনুসরণ করে এক voice-কে অন্য voice-এ রূপান্তর করা যায়।

From active to passive : আমরা আগেই active voice-এর structure দেখিয়েছি। এই structure-এ দু'টো noun phrase থাকে— subject হিসেবে একটা এবং verb-এর পরে object হিসেবে আরেকটা। যেমন :

My sister watched the film.

এটি একটা active voice; এর passive form হচ্ছে :

The film was watched by my sister.

এই রূপান্তরে তিনটা rule প্রয়োগ করা হয়েছে। সেগুলো হচ্ছে :

1. Noun phrase switch rule,

2. Passive verb insertion rule, এবং
3. "by" insertion rule.

প্রথম rule-টি প্রয়োগের ফলে active voice-এ ব্যবহৃত noun phrase দু'টির passive voice-এ গিয়ে পরিবর্তন হয়েছে। Active voice-এ doer phrase-টা ছিল বাক্যের প্রথমে এবং doee phrase-টা ছিল transitive verb-এর পরে object অবস্থানে। কিন্তু passive-এ they have swapped their positions অর্থাৎ তারা অবস্থান বদল করেছে। "Doee" হয়ে গেছে subject (প্রথম অবস্থানে) এবং "doer" চলে গেছে বাক্যের শেষে।

উপরের তৃতীয় rule-টা প্রয়োগের ফলে passive voice-এ শেষোক্ত doer-এর আগে "by" preposition-টা যুক্ত হয়েছে। এবং দ্বিতীয় rule-টা প্রয়োগের ফলে passive sentence-টার subject এবং tense-এর সঙ্গে সঙ্গতিপূর্ণ একটা passive verb ব্যবহৃত হয়েছে। Passive verb-এর structure হলো : এক বা একাধিক auxiliary verb + active voice-এ ব্যবহৃত principal verb-টির past participle form.

কোন কোন ক্ষেত্রে passive voice-এ আরেকটা rule প্রয়োগ করা হয় যার নাম হচ্ছে agent deletion rule বা agent/doer-কে উল্লেখ না করার নিয়ম। যেমন, নীচের বাক্য দু'টিতে দেখো verb-এর পরে by + agent-এর ব্যবহার পরিহার করা হয়েছে।

Many demonstrators were arrested.
They were seriously beaten.

সম্ভবত, দু'টো বাক্যেরই active voice-এ doer / agent হিসেবে police-এর উল্লেখ ছিল।

From Passive to active : যে প্রক্রিয়ায় একটা active voice-কে passive voice-এ রূপান্তর করা হয়, passive থেকে active-এ যেতে ঠিক তার বিপরীত প্রক্রিয়া অবলম্বন করতে হয়। নীচের রূপান্তরটি লক্ষ কর :

Passive : My pocket was picked by someone.
Active : Someone picked my pocket.

এখানে মূলত: তিনটা rule প্রয়োগ করা হয়েছে। সেগুলো হচ্ছে :

1. Noun phrase switch rule,
2. Active verb insertion rule, এবং
3. "by" deletion rule

প্রথম rule-টা প্রয়োগের ফলে doer এবং doee-এর অবস্থান পরিবর্তন হয়েছে অর্থাৎ active voice-এ doer প্রথম অবস্থানে চলে এসেছে এবং doee তার verb-এর পরে চলে গেছে। দ্বিতীয় rule-টি প্রয়োগের ফলে passive verb-এর স্থলে active verb ব্যবহার করা হয়েছে এবং তৃতীয় rule টা প্রয়োগের ফলে active voice-এ কোন

"by" phrase নেই। "By + doer-এর ধারণাকে সম্পূর্ণভাবে পরিহার করা হয়েছে। Passive voice-এ যখন doer-এর উল্লেখ থাকে না তখন আরেকটা বিশেষ নিয়মে তাকে active voice-এ রূপান্তর করা হয়। এই নিয়মটাকে বলা হয় doer insertion rule অর্থাৎ doer অন্তর্ভুক্তির নিয়ম। নীচের উদাহরণটি লক্ষ কর :

Passive : Rome was not built in a day.
Active : The Romans did not build Rome in a day.

এখানে passive voice টিতে verb-এর পরে "by + doer" জাতীয় কিছু নেই। এ জন্য active voice-এ একটা যৌক্তিক doer-কে subject হিসেবে বেছে নেয়া হয়েছে। এই নিয়মটাকেই doer insertion rule হিসেবে গণ্য করা হয়। উপরোক্ত নিয়মগুলো follow করে active এবং passive voice-কে যথাক্রমে passive এবং active voice-এ রূপান্তর করা সম্ভব। তবে একটা জিনিস মনে রাখতে হবে যে, active voice and passive voice are not always interchangeable অর্থাৎ সব সময় সব active voice-কে passive-এ রূপান্তর করা যায় না এবং সব passive voice-কে তেমনই active voice-এ রূপান্তর করা যায় না। যখন যে voice টি appropriate তখন সে voice-টাই ব্যবহার করতে হবে। মনে রাখতে হবে, আমরা যখন কোন কাজের doer-কে প্রাধান্য দিতে চাই তখন active voice ব্যবহার করি। পক্ষান্তরে, কোন কাজের doer যখন unknown কিংবা unimportant হয় তখন passive voice ব্যবহার করি এবং doee-কে প্রাধান্য দিয়ে তাকে বাক্যের subject হিসেবে ব্যবহার করি। সেক্ষেত্রে doer-কে হয় শেষে ব্যবহার করি অথবা একদমই ব্যবহার করি না। নীচের active voice-এর বাক্যগুলো লক্ষ কর :

I love you.
He does not like my idea.
She had (= gave birth to) a baby yesterday.
We are having biscuits.
They hate each other.
I cannot stomach (= tolerate) such an insult.

এই বাক্যগুলোর active form-ই appropriate; এদের passive transformation গ্রহণযোগ্য নয়। আবার নীচের passive বাক্যগুলো লক্ষ কর :

She was born in Dhaka.
This sonnet is not written by Shakespeare.
These lines have been quoted from Shelley.
This ring is made of gold.
He was killed in an accident.

এই বাক্যগুলো passive হিসেবেই বেশি appropriate; এদেরকে active voice-এ রূপান্তর করা সমীচীন নয়।

Voice change of Miscellaneous Simple Sentences

এখানে আমরা শুধু present simple এবং past simple tense-এর বাক্যের voice change দেখাব। অন্যান্য tense-এর voice change "Tenses" শীর্ষক অধ্যায়ে আলোচনা করা হবে।

1. **Assertive Sentences :** The simplest structure of an assertive sentence in the active voice in the present and the past simple tenses is : subject + transitive verb + one object. Look at the following sentences :

Everybody neglects me. (present simple)
They arranged a big party. (past simple)

Present simple tense-এর negative form-এ auxiliary verb হিসেবে do / does ব্যবহার করতে হয় এবং past simple tense-এর negative form-এ did ব্যবহার করতে হয়। যেমন :

They do not trust me.
He does not praise me.
She did not accept my proposal.

Passive voice-এ present simple tense-এর structure হচ্ছে : Subject + am / is /are (auxiliary verb) + Past participle form of the main verb. যেমন :

I am respected by them.
He is neglected by every teacher.
These poems are written by Keats.

Past simple tense-এর passive voice-এ auxiliary verb হিসেবে main verb-এর আগে was / were বসে। যেমন :

I was invited by them.
They were insulted by their boss.

এবার নীচের voice change-এর উদাহরণগুলো লক্ষ কর :

Active : He always helps the poor.
Passive : The poor are always helped by him.
Active : They repair this road every year.
Passive : This road is repaired every year.

Active : We made a new plan.
Passive : A new plan was made by us.
Active : They did not invite me.
Passive : I was not invited by them.

উপরোক্ত সহজ structure-এর বাইরে assertive sentence-এর কিছু কিছু structure তোমাদের কাছে একটু কঠিন মনে হতে পারে। আমরা এখন সেই ধরনের কিছু sentence-এর voice change দেখাব।

a) Active voice-এ transitive verb-এর পরে দু'টি object থাকতে পারে। যেমন :

She gave me a nice gift.

এক্ষেত্রে দু'টি object-এর যে কোন একটিকে বাক্যের শুরুতে এনে subject হিসেবে ব্যবহার করে passive voice গঠন করা যেতে পারে। যেমন :

I was given a nice gift by her.

Or,

A nice gift was given to me by her.

এ ধরনের voice পরিবর্তনের আরো দু'একটা উদাহরণ লক্ষ কর :

Active : I bought my son a computer.
Passive : My son was bought a computer (by me).

Or,

A computer was bought for my son.

Active : They asked me several questions.
Passive : I was asked several questions by them.

Or,

Several questions were asked me by them.

b) Active voice-এ transitive verb হিসেবে phrasal verb (যার structure হচ্ছে : verb + adverb / preposition) ব্যবহৃত হতে পারে। যেমন :

He turned down the fan.

Or,

He turned the fan down.

এখানে প্রথম বাক্যে verb এবং adverb-কে পাশাপাশি ব্যবহার করা হয়েছে কিন্তু দ্বিতীয় বাক্যে তাদেরকে বিচ্ছিন্ন করা হয়েছে। তবে passive voice-এ এ দু'টি item-কে বিচ্ছিন্ন করার সুযোগ নেই। উপরের বাক্য দু'টির passive form একটাই। সেটা হচ্ছে :

The fan was turned down by him.

এরকম আরো দু'টি passive transformation লক্ষ কর :

Active : A maid servant looks after my children.
Passive : My children are looked after by a maid servant.
Active : His uncle brought up the child.
Or,
His uncle brought the child up.
Passive : The child was brought up by his uncle.

c) নীচের active voice-এর sentence গুলো লক্ষ কর :

We allowed her to leave.
They requested me to attend their party.
The doctor advised him to give up smoking.

এই বাক্যগুলোতে object-এর পরে একটা করে infinitive phrase রয়েছে। Passive voice-এও এই infinitive phrase গুলো বহাল থাকবে। যেমন :

She was allowed to leave.
I was requested (by them) to attend their party.
He was advised (by the doctor) to give up smoking.

এ ক্ষেত্রে "by + doer" phrase-টা ব্যবহার না করলেও চলে।

d) Active voice-এ object-এর পরে bare infinitive (infinitive without "to") থাকতে পারে। যেমন :

We let her go.
They made me laugh.
I saw him cross the road.

এই বাক্যগুলোর passive form-এ bare infinitive-এর পরিবর্তে ("to + infinitive") বসাতে হয়। যেমন :

She was let to go.
I was made to laugh (by them).
He was seen to cross the road.

e) Active voice-এ object-এর পরে present participle থাকলে passive voice-এও তার কোন পরিবর্তন হয় না । যেমন :

Active : We saw the girl walking alone.
Passive : The girl was seen walking alone.

Active : They kept me waiting.
Passive : I was kept waiting.
Active : We found the cat sleeping on the mat.
Passive : The cat was found sleeping on the mat.

f) Active voice-এ object-এর পরে ঐ object-এর কোন complement থাকলে passive voice-এ ঐ object-টা subject হয়ে যাবে কিন্তু complement-টা অপরিবর্তিত থাকবে। যেমন :

Active : We found the dog dead.
Passive : The dog was found dead.
Active : The chairman declared the program open.
Passive : The program was declared open by the chairman.
Active : They call me a genius.
Passive : I am called a genius (by them).
Active : We elected Belal our CR.
Passive : Belal was elected our CR.

Complement to the object-টা noun হলেও তাকে কখনো passive voice-এর subject বানানো যাবে না।

g) আগেই বলা হয়েছে, passive voice-এ agent-এর ভূমিকা তেমন গুরুত্বপূর্ণ নয়। সেজন্যই অনেক ক্ষেত্রেই agent-এর উল্লেখ থাকে না। আর যেখানে উল্লেখ থাকে সেখানে বাক্যের শেষে agent-এর আগে "by" preposition-টা ব্যবহার করা হয়। যেমন :

The king was killed by his brother.

কিন্তু কোন কোন passive verb-এর পরে এবং agent-এর আগে অন্য preposition ব্যবহৃত হয়। নীচের উদাহরণগুলো লক্ষ কর :

Active : Rakib married Rehana.
Passive : Rehana was married to Rakib.
Active : Smoke filled the room.
Passive : The room was filled with smoke.
Active : Your behaviour surprises me.
Passive : I am surprised at your behaviour.

2. **Interrogative Sentences :** Interrogative sentences or questions are mainly of two kinds : verbal questions and wh-questions. আমরা আগেই শিখেছি verbal question শুরু হয় verb দিয়ে এবং

wh-question শুরু হয় কোন একটা wh-যুক্ত question word দিয়ে। Passive voice-এর বেলাতেও একই নিয়ম প্রযোজ্য। আমরা এখন প্রথমে verbal question-এর এবং পরে wh-question-এর voice change দেখাব। আগেই বলা হয়েছে এই অধ্যায়ে শুধু present এবং past simple tense-এর উদাহরণ দেয়া হবে।

Active voice-এ present simple tense-এ interrogative এবং negative sentence তৈরি করতে auxiliary verb "do/does" ব্যবহৃত হয় এবং past simple-এ উভয় ক্ষেত্রে "did" ব্যবহৃত হয়। যেমন :

Do they play football?
Does he drink wine?
Did she accept your proposal?

Passive voice-এ present simple tense-এ auxiliary verb হিসেবে "am/is/are" ব্যবহৃত হয় এবং past simple tense-এ auxiliary verb হিসেবে "was/were" ব্যবহৃত হয়। যেমন :

Am I required to go there?
Is he always invited here?
Are they always criticized?
Was he phoned yesterday?
Were they asked to come here?

এখন verbal question-এর কয়েকটা voice পরিবর্তন দেখো :

Active : Does he often help you?
Passive : Are you often helped by him?
Active : Do you need my help?
Passive : Is my help needed?
Active : Did they attend the meeting?
Passive : Was the meeting attended by them?
Active : Did you defeat them?
Passive : Were they defeated by you?

এখন আমরা wh-question-এর voice change দেখব। এখানে দেখা যাবে, যে wh-question word দিয়ে active voice শুরু হয় সেই word দিয়েই passive voice-ও শুরু হয়। শুধুমাত্র who দিয়ে active voice শুরু হলে formal ইংরেজিতে "By whom" prepositional phrase দিয়ে passive voice শুরু হয়। নীচে wh-question-এর voice পরিবর্তনের উদাহরণগুলো লক্ষ কর :

Active : Who teaches you English?
Passive : By whom are you taught English? (formal)
Or,
Who are you taught English by? (informal)
Active : Who killed the snake?
Passive : By whom was the snake killed?
Or,
Who was the snake killed by?
Active : Why did they call the meeting?
Passive : Why was the meeting called (by them)?
Active : When do they speak English?
Passive : When is English spoken by them?
Active : Where did they invite you?
Passive : Where were you invited by them?
Active : How did you entertain him?
Passive : How was he entertained by you?
Active : Which letter did she write?
Passive : Which letter was written by her?
Active : Whom did you call yesterday?
Passive : Who was called yesterday by you?

3. Imperative Sentences : সব imperative sentence-এর passive transformation সম্ভব নয়। passive transformation-এর পূর্ব শর্ত হচ্ছে active voice-এর বাক্যটিতে transitive verb এবং object (doee) থাকতে হবে। আবার সব imperative sentence-এর একটা common বৈশিষ্ট্য (কাউকে কিছু করতে বলা) থাকলেও তাদের বলার ধরন আলাদা। যেমন কাউকে কিছু করতে আমরা আদেশ দিতে পারি, পরামর্শ দিতে পারি, প্রস্তাব দিতে পারি কিংবা অনুবোধ করতে পারি। সে অনুসারে active voice-এর form যেমন আলাদা হতে পারে, তেমনি passive voice-এর form-ও আলাদা হয়ে থাকে। নীচে বিভিন্ন ধরনের imperative sentence-এর voice change লক্ষ কর :

Imperative : Orders/Commands

Active voice-এ order বা command-এর structure হচ্ছে : Transitive verb + object + (extension) এবং passive voice শুরু হয় "Let" দিয়ে। যেমন :

Active : Serve the dinner.
Passive : Let the dinner be served.

Active : Sack him from his service.
Passive : Let him be sacked from his service.
Active : Call the man here.
Passive : Let the man be called here.
Active : Don't shut the door.
Passive : Let the door not be shut.

Or,

Don't let the door be shut.

Imperative : advice/suggestions

এক্ষেত্রে passive voice হবে assertive sentence-এর মত এবং subject-এর পরে passive verb phrase শুরু হবে should অথবা must দিয়ে। নীচের উদাহরণগুলো লক্ষ কর:

Active : Take this medicine on empty stomach.
Passive : This medicine should be taken on empty stomach.
Active : Maintain discipline.
Passive : Discipline should/ must be maintained.
Active : Never tell a lie.
Passive : A lie should never be told.
Active : Don't waste your time.
Passive : Your time should not be wasted.
Active : Obey your parents.
Passive : Your parents should be obeyed.

(N. B. উপরের বাক্যগুলো imperative form থেকে রূপান্তরিত হয়ে assertive form ধারণ করেছে।)

Imperative : Proposals

Active voice-এর imperative sentence-এর মাধ্যমে কাউকে কোন proposal বা প্রস্তাব দেয়া হলে বাক্যটা সাধারণত "Let us" দিয়ে শুরু হয়। কিন্তু ঐ বাক্যটিকে passive করা হয় পরোক্ষ উক্তিতে "propose" verb ব্যবহার করে। যেমন :

Active : Let us arrange a picnic.
Passive : We propose that a picnic should be arranged.
Active : Let us not make a noise.
Passive : We propose that a noise should not be made.

Active : Let us discuss his problem again.
Passive : We propose that his problem should be discussed again.
Active : Let us consider his case.
Passive : We propose that his case should be considered.

Imperative : Requests

Imperative sentence ব্যবহার করে active voice-এ কাউকে কোন কিছু করতে request করার সময় বাক্যের প্রথমে সাধারণত "please" বা "kindly" শব্দটি ব্যবহার করা হয়। এ ধরনের imperative sentence-এর voice change নীচের উদাহরণগুলোতে লক্ষ কর :

Active : Please pass me the salt.
Passive : I may please be passed the salt.
Or,
The salt may please be passed (to) me.
Active : Kindly grant me four days' casual leave.
Passive : I may kindly be granted four days' casual leave.
Or,
Four days' casual leave may kindly be granted (to) me.
Active : Please don't leave me alone.
Passive : I may not please be left alone.

উপরের passive voice-এর বাক্যগুলোকে আবার ইচ্ছা করলে আমরা interrogative form-এও লিখতে পারি। যেমন :

May I please be passed the salt?
May I kindly be granted four days' casual leave?
May I not be please left alone?

আমরা জানি, active voice-এও interrogative form ব্যবহার করে আমরা request করতে পারি। যেমন :

May I please borrow your book?
Could you please do me a favour?
Would you kindly not disturb me?

4. Optative Sentences : যে ধরনের optative sentence-এর active form-এ subject, transitive verb এবং object (doer) থাকে তাদের passivization (passive voice-এ রূপান্তর) সম্ভব। নীচের transformation-গুলো লক্ষ কর :

Active : May God bless you.
Passive : May you be blessed by God.
Active : May you win the match.
Passive : May the match be won by you.
Active : May the couple enjoy their married life.
Passive : May their married life be enjoyed by the couple.

5. Exclamatory Sentences : Exclamatory active voice-এরও passivization সম্ভব। যেমন :

Active : What a nice song she sang!
Passive : What a nice song was sung by her!
Active : What a horrible day we passed!
Passive : What a horrible day was passed by us!

এ ধরনের বাক্যগুলো একটু uncommon, কারণ অধিকাংশ exclamatory sentence-এ transitive verb এবং object থাকে না।

এই অধ্যায়ে আমরা functional category-ভুক্ত বিভিন্ন ধরনের simple sentence-এর (এবং শুধু present simple and past simple tense-এর) voice change আলোচনা করেছি। পরবর্তী "Tenses" শীর্ষক অধ্যায়ে আমরা অন্যান্য tense-এর passive form দেখাব এবং পরে complex এবং compound sentence-ও আলোচনা করব।

Practice Part

1. Identify the voice in the following sentences and justify your answer. The first is done for you.

a) A violent storm damaged the crops.
Ans. This sentence is in the active voice, because the subject here (A violent storm) is a doer and it is followed by a transitive verb and an object (doee).
b) I caught a big fish.
c) A liar is never trusted by anybody.
d) What is written on the board?
e) She cooked dinner for me.

f) The food is served on the table.
g) He does not say prayers regularly.
h) Nobody was exempted from duty.
i) Diana was killed in a car crash.
j) They hospitalised the wounded people.

2. Identify the functional category of the following passive sentences :
a) Many of my classmates were invited to my birthday party.
b) Who was the bag stolen by?
c) Is English spoken all over the world?
d) Let the door be shut at once.
e) May your children be brought up well.
f) How comfortably the match was won!

3. Change the following imperative sentences into the passive voice :
a) Do your duty at once.
b) Don't cross the road now.
c) Always speak the truth.
d) Make a proper use of your time.
e) Let us postpone the meeting.
f) Let us not await him.
g) Please turn off the fan.
h) Kindly write an application.
i) Could you please lend me some money?
j) May I please borrow your pen?

4. Use the following verbs first in the active voice and then in the passive voice in the type of sentences mentioned in brackets :
a) change (in imperative sentences)
b) send (in assertive sentences)
c) lend (in questions)
d) live (in optative sentences)
e) understand (in negative questions)
f) clean (in negative statements)
g) boil (in negative imperative sentences)
h) disturb (in negative requests)
i) do (in statements)
j) type (in positive questions)

Chapter 8

Tenses

Tense বলতে আমরা verb-এর সেই form বুঝি যা দিয়ে কোন কাজের সময় বুঝানো হয় এবং ঐ কাজের অবস্থা বুঝানো হয়। ইংরেজিতে আমরা বলতে পারি, a tense refers to the form of a verb which indicates the time of an action and also describes the state of that action. কাজের state বা অবস্থা নির্দেশ করে এটি শেষ হয়েছে, নাকি এখন চলছে নাকি ভবিষ্যতে অনুষ্ঠিত হবে। যেমন :

We live in this village.
We lived in this village.
We shall live in this village.

এখানে প্রথম বাক্যে "live" verb-টির present simple form ব্যবহার করে কাজটির বর্তমান অবস্থা বুঝানো হয়েছে। দ্বিতীয় বাক্যে verb-টির past simple form কাজটির অতীত অবস্থা নির্দেশ করেছে এবং তৃতীয় বাক্যে "shall live" verb দু'টি একত্রিত হয়ে ভবিষ্যৎ বুঝিয়েছে। কোন কাজের কাল বা সময় বিবেচনায় tense মূলত: তিন প্রকার : *The Present Tense, the Past Tense* এবং *the Future Tense.* "Tense" শব্দটির আরেকটা অর্থ হচ্ছে "form of a verb". একটা verb-এর সাধারণত পাঁচটা form থাকে :

write — base form
write / writes — present simple form
writing — present participle form
wrote — past simple form
written — past participle form.

ইংরেজিতে ভবিষ্যতের জন্য আলাদা কোন verb form নেই। তাই ভবিষ্যতের কোন কাজ বুঝাতে present অথবা past tense-এর আশ্রয় নিতে হয়। যেমন :

I shall visit you tomorrow.
If you visited me tomorrow, I would be very happy.

এখানে দু'টো বাক্যই ভবিষ্যৎ সম্পর্কে কিন্তু "visit" verb-এর form দু'টো হচ্ছে present simple এবং past simple.

Verb-এর বিভিন্ন form ব্যবহার করে কাজের অবস্থাও বুঝানো হয়। নীচের বাক্যগুলো লক্ষ কর :

Everyday I wait here for you.
I am waiting for you.
I have waited long for you.
I have been waiting here for about an hour.

উপরের চারটা বাক্যই বর্তমানের সঙ্গে সম্পর্কিত কিন্তু এদের ভিতর উল্লিখিত কাজটির অবস্থা আলাদা। প্রথম বাক্যে বুঝানো হয়েছে অপেক্ষার কাজটি নিয়মিত ঘটে। দ্বিতীয় বাক্যে বুঝানো হয়েছে কাজটি এখন চলমান অবস্থায় আছে। তৃতীয় বাক্যে বলা হয়েছে কাজটির সমাপ্তি হয়েছে এবং চতুর্থ বাক্যে বলা হয়েছে কাজটি প্রায় এক ঘণ্টা আগে শুরু হয়ে এখনও চলছে। কোন tense-এর এরকম চারটি বৈশিষ্ট্যকে *aspects* হিসেবে অভিহিত করা হয়। চারটি aspects হচ্ছে নিম্নরূপ :

1. Simple Aspect
2. Progressive Aspect
3. Perfective Aspect
4. Perfective Progressive Aspect

এখন আমরা সব tense-এর (present tense, past tense এবং future tense) সব aspect (simple, progressive, perfective এবং perfective progressive) নিয়ে বিস্তারিত আলোচনা করব।

Present Tense : Simple Aspect

Traditional grammar-এ এটাকে present indefinite tense বলা হয়। এই tense ব্যবহার করে কোন ব্যক্তি, স্থান কিংবা বস্তুর বর্তমান অবস্থা বুঝানো হয় কিংবা যে সমস্ত কাজ সচরাচর ঘটে থাকে তাদের বর্ণনা দেয়া হয়। যেমন :

The weather is hot today.
The sun rises in the east.

এখন আমরা present indefinite tense-এ ব্যবহৃত বাক্যগুলোর বিভিন্ন structure দেখাব।

1. *Subject + "be" verb (am/is/are) + Noun / adjective / adverbial*

নীচের বাক্যগুলো লক্ষ কর :

I am a student.
The earth is round.
They are on the roof.

These are affirmative statements. এ ধরনের বাক্যে verb-এর পরে not কিংবা never জাতীয় negator ব্যবহার করে negative statement তৈরি করা যায়। যেমন :

I am not a student.
He is never helpful.
They are not on the roof.

এই structure-এ verb-টিকে subject-এর আগে এনে verbal question তৈরি করা যায়। যেমন :

Am I a disobedient student?
Is he upstairs?
Are you a teacher of English?

"Wh" question-এর ক্ষেত্রে "be" verb-এর আগে একটা "wh" question word ব্যবহার করতে হয়। যেমন :

Where are you?
Why is he present here?
Whose book is it?

2. *Subject + possession verb (have / has) + noun*

নীচের বাক্যগুলো লক্ষ কর:

I have a car.
They have a beautiful garden in front of their house.
He has a lot of money.

এগুলো positive statement. নীচের negative statement-গুলো লক্ষ কর :

I have no money on me.
They have no monetary problem.
I don't have any question.
He does not have any child.

এই structure-এ শুধুমাত্র একটা negator যোগ করেও negative statement তৈরি করা যায় আবার "do/does" auxiliary verb ব্যবহার করেও negative sentence গঠন করা যায়।

Interrogative sentence-এর ক্ষেত্রেও দু'টি নিয়ম প্রযোজ্য হতে পারে। Possession verb-টিকে subject-এর আগে এনে এবং auxiliary verb হিসেবে "do/does" ব্যবহার করে। নীচের interrogative sentence গুলো লক্ষ কর :

Have you any boyfriend?
Has she any financial problem?

Have you no house of your own?
Do you have any question?
Does she have any disease?
Why does it have no value?
How many children do you have?

3. *Subject + action verb/ "Be" ছাড়া অন্য কোন linking verb + প্রয়োজনীয় extension.*

নীচের বাক্যগুলো লক্ষ কর :

I take a walk every morning.
They read newspapers regularly.
He goes to bed at 11 o'clock.
The girl looks beautiful.

এই structure-এ subject-এর পরে finite verb-এর present simple form বসে। Subject third person singular হলে verb-এর সঙ্গে "s/es" যুক্ত হয়। উপরের চারটা বাক্যই positive statements.

এদের negative এবং interrogative form-এ auxiliary verb হিসেবে মূল verb-এর আগে "do/does" ব্যবহার করতে হবে।

Negative : I do not take a walk every morning.
They do not read newspapers regularly.

Interrogative : Does he go to bed at 11 o'clock?
Does the girl look beautiful?

[Auxiliary verb "does" হলে মূল verb-এর সঙ্গে আর "s/es" থাকে না।]

Verbal questions : Do you love the girl?
Do they quarrel everyday?
Does he smoke cigarettes?
Does it not taste good?

Wh-questions : Where do you come from?
When does the sun rise?
Why do you not sleep here?
How does it look like?

4. *Subject + modal + main verb*

Present simple tense-এ সব ধরনের modal ব্যবহৃত হয় না। নীচে modal-যুক্ত affirmative, negative এবং interrogative sentence-গুলো লক্ষ কর :

He can walk now.
We cannot wait for you.
Can you speak English fluently?
I would like to ask you a question.
How dare you say this.
You need not worry.

5. *Subject + passive verb + (extension)*

Present simple tense-এর passive voice আমরা পূর্ববর্তী অধ্যায়েই আলোচনা করেছি। সুতরাং এখানে আর এর বিস্তারিত আলোচনার প্রয়োজন নেই। শুধু কয়েকটা উদাহরণ আবারও লক্ষ কর :

I am allowed to attend the class.
He is bitterly criticized for his dishonesty.
They are not invited to the party.
Are you neglected in your family?
Why is he called a tiger?

Present simple tense-এর active voice-এ modal থাকলে তার passive transformation হবে নিম্নরূপ :

Active : You can call me a lucky person.
Passive : I can be called a lucky person.
Active : They cannot do this work.
Passive : This work cannot be done by them.

Present Tense : Progressive Aspect

The progressive aspect of the present tense (also known as the present continuous tense) indicates an action which is now in progress অর্থাৎ এই মুহূর্তে চলমান অবস্থায় আছে এমন কোন কাজ বুঝাতে present continuous tense ব্যবহৃত হয়। এই tense-এর একমাত্র structural pattern হচ্ছে:

Subject + am / is/ are (auxiliary verb) + মূল verb-এর present participle form + (extension)

নীচের বাক্যগুলো লক্ষ কর :

I am taking tea.
He is working in the kitchen.
Birds are flying in the sky.

এই বাক্যগুলোতে উল্লিখিত কাজগুলো এই মুহূর্তে (অর্থাৎ বক্তা যখন কথা বলছেন) চলমান অবস্থায় আছে। তবে বর্তমান সময়ে বিরতি দিয়ে দিয়ে যে কাজ অনুষ্ঠিত হচ্ছে সেটা বুঝাতেও present tense-এর progressive aspect ব্যবহার করা হয়। যেমন :

I am writing a grammar book.
He is now taking the BCS exam.

এই বাক্য দু'টিতে উল্লিখিত কাজগুলো ঠিক এই মুহূর্তে চলছে ব্যাপারটা এমন নয়। এখানে বুঝানো হয়েছে যে, কাজগুলো শুরু হয়েছে কিন্তু এখনও শেষ হয়নি। কাজগুলো বিরতি দিয়ে দিয়ে চলছে। নিকট ভবিষ্যতের কোন পরিকল্পিত কাজ (planned future action) বুঝাতেও present continuous tense ব্যবহৃত হয়। যেমন :

We are going to start a new project shortly.
He is going to get a scholarship.

কোন ঘটনার পরিবর্তনশীল অবস্থা বুঝাতেও present continuous tense ব্যবহৃত হয়। যেমন :

It is getting dark.
His condition is improving day by day.

Present continuous tense-এর negative বাক্য তৈরি করা খুব সহজ। শুধুমাত্র auxiliary verb-এর পরে "not" শব্দটি যোগ করতে হবে। যেমন :

I am not requesting you to do it.
It is not raining here at the moment.
They are not quarrelling any more.

Interrogative sentence-এ auxiliary verb-টা subject-এর আগে চলে আসে। যেমন :

Is it raining very hard?
Am I disturbing you?
Are they still waiting for me?
Why are you crying, my boy?
How is he going there?
When are they going to get married?

ইংরেজিতে stative verb নামের কিছু verb আছে যাদেরকে কোন tense-এরই progressive aspect-এ ব্যবহার করা যায় না। Stative হওয়ার কারণে কোন verb-কে present continuous tense-এ ব্যবহার করা না গেলে তাকে present simple tense-এ ব্যবহার করতে হবে। যেমন :

I don't like this weather. ('am not liking' নয়)
This book belongs to me. ('is belonging' নয়)
She believes in God. ('is believing' নয়)
He resembles his brother. ('is resembling' নয়)

Present continuous tense-এর passive voice-এর structural pattern হচ্ছে :

Subject (doee) + am / is / are + being + Past participle form of the main verb

নীচের passive বাক্যগুলো লক্ষ কর :

I am being tortured mentally.
He is being severely criticized.
The rooms are being cleaned now.

এদের negative form তৈরি করতে হলে প্রথম auxiliary verb-এর পরে 'not' শব্দটি বসাতে হবে। যেমন :

I am not being tortured any more.
He is not being criticized now.
The rooms are not being cleaned at the moment.

Interrogative passive form-এ শুধু প্রথম auxiliary verb-টিকে subject-এর পূর্বে বসাতে হয়। যেমন :

Am I not being tortured?
Are the roads being repaired now?
Why is he being punished?
How are the books being sent to him?

Active voice-এ "going to" থাকলে passive voice-এ তারপর "be + past participle" যোগ করতে হয়। যেমন :

Active : We are going to arrange a party.
Passive : A party is going to be arranged.

Present Tense : Perfective Aspect

The perfective aspect of the present tense (also called the present perfect tense) is used to mean a completed action which has still some effect on the present অর্থাৎ যে কাজটি নিকট অতীতে শেষ হয়েছে কিন্তু যার প্রভাব বর্তমানেও রয়েছে তাকে বুঝাতে present perfect tense ব্যবহৃত হয়। যেমন, আমি যদি বলি, "I have lost my mobile phone", তাহলে বুঝতে হবে যে আমি আমার মোবাইল ফোনটি সম্প্রতি হারিয়ে ফেলেছি এবং সেটি এখনো ফিরে পাইনি বিধায় বর্তমানে আমার অসুবিধা হচ্ছে। এই tense-এর structural pattern হচ্ছে:

Subject + have / has (auxiliary verb) + মূল verb-এর past participle form.

নীচের বাক্যগুলো লক্ষ কর :

We have done our duty.
They have won the match.
The girl has attended all the classes.
The Chairman has called a meeting.

এই বাক্যগুলোর মাধ্যমে recently completed action বুঝানো হয়েছে। তবে সময়ের উল্লেখ না করলে দূরবর্তী অতীতের কাজকেও present perfect tense-এ প্রকাশ করা যায়। যেমন :

I have visited England.

এখানে বক্তার ইংল্যান্ড ভ্রমণ অনেক আগেও হয়ে থাকতে পারে। কিন্তু সময়ের উল্লেখ করলে একটু আগের ঘটনাকেও past tense-এ লিখতে হয়। যেমন :

I phoned her two minutes ago.
We took a bath just a little while ago.

যাওয়া অর্থে এই tense-এ ব্যবহৃত "been" এবং "gone"-এর মধ্যে একটা basic পার্থক্য রয়েছে। যেমন :

My parents have been to Australia.
They have gone to Australia.

এখানে ১ম বাক্যটিতে বুঝানো হয়েছে যে তারা অতীতের কোন এক সময় তাঁরা অস্ট্রেলিয়া গিয়েছিলেন; এখন আর তাঁরা সে দেশে নেই। কিন্তু ২য় বাক্যটিতে বুঝানো হয়েছে যে তাঁরা সম্প্রতি অস্ট্রেলিয়া গিয়েছেন এবং বক্তার কথা বলার সময় তাঁরা সেখানেই অবস্থান করছেন।

Present perfect tense-এর negative বাক্যে auxiliary verb (have/has)-এর পরে negator হিসেবে "not/never" ব্যবহার করা হয়। যেমন :

They have not yet arrived.
He has never been abroad.
(তিনি কখনো বিদেশে যাননি।)
She has never tried to get a job.
We have not eaten dinner.

Present perfect tense-এর interrogative sentence-এ auxiliary verb-টিকে subject-এর আগে বসাতে হয়। Positive question-এ অনেক সময় "ever" শব্দটা ব্যবহৃত হয়। নীচের question গুলো লক্ষ কর :

Have you taken your breakfast?
Has she accepted your invitation?
Have you ever been to India?
(তুমি কি কখনো ভারতে গিয়েছ?)

Why have you done this work?
How has she bought a car?
Where have you kept my glasses?

Present perfect tense-এ passive voice-এর structure হচ্ছে :

Subject + have / has + been + past participle form of the main verb

নীচের passive বাক্যগুলো লক্ষ কর :

Dinner has been served.
The murderer has been recently arrested.
I have been asked to deliver a speech.
Some students have been expelled for cheating on the exam.

Negative passive voice-এ have/has-এর পরে negator বসাতে হয়। যেমন :

The broken road has not yet been repaired.
We have not been invited to the party.
The doctor has not yet been sent for.
(ডাক্তারকে এখনও ডেকে পাঠানো হয়নি।)
Some questions have not yet been answered.
He has never been asked to come here.

Interrogative passive voice-এ have/has-কে subject-এর আগে ব্যবহার করতে হয়। যেমন :

Have you been asked to stay here?
Has the meeting been postponed?
(মিটিংটা কি স্থগিত করা হয়েছে?)
Why has he been arrested?
How have they been entertained?
By whom has this letter been written?
Or,
Who has this letter been written by?

Present Tense :
Perfective Progressive Aspect

This is also called present perfect continuous tense. This aspect of the present tense refers to an action which started at a certain time in the past but is still in progress অর্থাৎ present tense-এর perfective progressive aspect দ্বারা সেই ধরনের কাজকে বুঝানো হয় যা অতীতের কোন একটা সময়ে শুরু হয়ে এখনও চলমান অবস্থায় আছে। এই tense-এর বাক্যের মূল structure হচ্ছে :

Subject + have/ has + been + present participle form of the main verb + prepositional phrase

নীচের বাক্য দু'টি লক্ষ কর :

It has been raining for two hours.
It has been raining since 8 o'clock.

কাজটির শুরু থেকে বর্তমান মুহূর্ত পর্যন্ত total duration (ব্যাপ্তি) বুঝাতে "for" preposition-টি ব্যবহার করা হয়। পক্ষান্তরে, কাজটির starting time বা শুরুর সময়টা উল্লেখ করতে "since" preposition-টা ব্যবহার করা হয়। নীচের উদাহরণগুলো ভাল করে খেয়াল কর :

I have been waiting here for a long time.
They have been living in this city for nearly ten years.
He has been working for ages.
I have been teaching English since 2010.
He has been living here since his boyhood.
They have been quarrelling since yesterday.

এই tense-এর negative sentence তৈরি করতে have/has-এর পরে "not" বসাতে হবে। যেমন :

It has not been raining long.
(বেশিক্ষণ ধরে বৃষ্টি হচ্ছে না।)
I have not been living here for many years.
It has not been raining since morning.

এই tense-এর verbal এবং "wh" question গুলো নিম্নরূপ :

Has it been raining long?
(বৃষ্টি কি অনেকক্ষণ ধরে হচ্ছে?)
Have you been working long for this bank?
(আপনি কি অনেকদিন যাবৎ এই ব্যাংকে কাজ করছেন?
How long have you been working here? (যাবৎ বুঝাতে)
Since when has it been raining? (কখন থেকে বুঝাতে)

যে কাজটি অতীতে শুরু হয়ে এইমাত্র শেষ হয়েছে সেটা বুঝাতেও present perfect continuous tense ব্যবহৃত হয়। নীচের উদাহরণ দু'টি লক্ষ কর :

You look very tired. Have you been working hard?
Your hands are dirty. What have you been doing?

Stative verb-এর ক্ষেত্রে present perfect continuous tense-এর পরিবর্তে present perfect tense ব্যবহার করতে হয়। যেমন :

I have known him for a long time. ("have been knowing" নয়)
How long have you been here? ("have been being" নয়)

Present perfect continuous tense-এ passive voice-এর ব্যবহার সচরাচর দেখা যায় না। সেজন্য শুধু নিয়ম রক্ষার খাতিরে এখানে দু'একটা উদাহরণ দেয়া হলো :

This road has been being repaired for the last six months.
These students have been being taught here since January 2023.

লক্ষ কর, এই বাক্য দু'টিতে মূল verb-এর আগে তিনটা auxiliary verb (have/has + been + being) ব্যবহার করার ফলে structure-টা একটু clumsy হয়ে গেছে।

Past Tense : Simple Aspect

The simple aspect of the past tense (or the past simple / indefinite tense) describes the past condition /state of things or states an action that happened at a time before the present (in the past) অর্থাৎ past indefinite tense ব্যবহৃত হয় অতীতের কোন ব্যক্তি বা বস্তুর অবস্থা বর্ণনা করতে অথবা বর্তমান সময়ের আগে (অতীতে) সংঘটিত কোন কাজ বুঝাতে। এই tense-এ বর্ণিত অতীত অবস্থা বা কাজের সঙ্গে বর্তমানের কোন সম্পর্ক নেই। Present simple tense-এর মত এই tense-এও ভিন্ন ভিন্ন রকমের verb ব্যবহার করা যায়। সেজন্য এই tense-এর structure-ও কয়েক রকম হয়। নীচে বর্ণিত structure গুলো লক্ষ কর :

1. *Subject + "be" verb (was/were) + Noun/adjective/adverbial*

নীচের বাক্যগুলো দেখো :

Professor Rehman was my teacher.
His teaching style was unique.
We were in the classroom then.

এই বাক্যগুলো affirmative. এই structure-এ verb-এর পরে negator ব্যবহার করে negative statement তৈরি করা যায়। যেমন :

The food was not good at all.
They were never my friends.
I was then not at home.

"Be" verb-টিকে subject-এর আগে ব্যবহার করে verbal এবং "wh" question তৈরি করা যাবে এভাবে :

Was he your friend?
Were they present there?

Were you not my student?
How was the food?
Where were you in the morning today?

2. *Subject + possession verb 'had' + Noun*

নীচের বাক্যগুলো লক্ষ কর :

We had a house in Dhaka.
He had a lot of experience.
They had a garden in front of their house.

এই বাক্যগুলোতে "had" ব্যবহৃত হয়েছে মূল verb হিসেবে অতীতে কারো কিছু ছিল বুঝাতে। একাধিক উপায়ে এই ধরনের বাক্যের negative form তৈরি করা যায়। যেমন :

He had no money.
We never had a house of our own.
We did not have much money.

এই structure-এর interrogative sentence হতে পারে এ রকম :

Had he any car?
Did they have any property?
Had she no children?
Did you not have anybody to help you?
(তোমার কি সাহায্য করার মত কেউ ছিল না।)

3. *Subject + action verb / "Be" ছাড়া অন্য linking verb + extension*

এই structure-এ positive statement-এ subject-এর পরে মূল verb-এর past simple form ব্যবহৃত হয়।

I went to Rajshahi last week.
They discussed the matter with me.
The girl looked very smart.
Macbeth died a hero.

Negative এবং interrogative sentence গঠন করতে এই tense-এ auxiliary verb হিসেবে "did" ব্যবহার করতে হয় এবং সে ক্ষেত্রে মূল verb-এর আর past form থাকে না; সেটা present simple form-এ ফিরে যায়। যেমন :

I did not go there.
They did not help me.
She did not get nervous.
Did you attend the class?

Did they feel comfortable with you?
Did we not visit you on Friday last?

তবে positive question-এ question word-টা নিজেই যদি subject হিসেবে কাজ করে তাহলে "did" auxiliary verb-টির প্রয়োজন হয় না। যেমন :

Who went there?
How many people attended the party?

এক্ষেত্রে question-এর structure-ও হবে positive statement-এর মত। শুধুমাত্র বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্নটাই প্রশ্নের পরিচায়ক।

আবার negative sentence-এও auxiliary verb-এর প্রয়োজন হয় না, যদি তার মধ্যে negative subject থাকে। যেমন :

Nobody helped me in my hard time.
(আমার দুঃসময়ে কেউ আমাকে সাহায্য করেনি।)

Nothing serious happened there.

Neither of them talked with me.
(দু'জনের মধ্যে কেউই আমার সঙ্গে কথা বলেনি।)

4. *Subject + modal + main verb + extension*

বিভিন্ন modal ব্যবহার করেও অতীতের কাজকে বুঝানো যায়। নীচের বাক্যগুলো লক্ষ কর :

I could speak English at the age of five.
You should have done the work yesterday.
It must have rained last night.
We could not do the work.
Could you swim in your early childhood?

Modal-এর পরে negator যোগ করে এবং modal-এর অবস্থান পরিবর্তন করে (subject-এর আগে এনে) আমরা যথাক্রমে negative এবং interrogative sentence গঠন করতে পারি (উপরের শেষ দু'টা উদাহরণ দ্রষ্টব্য)। তবে নীচের বাক্যটি একটু ব্যতিক্রমধর্মী।

He used to smoke in his youth.

এই বাক্যটির negative এবং interrogative উভয় form-ই তিন রকম হতে পারে :

Negative : He used not to smoke ....
He did not use to smoke .....
He did not used to smoke .....

Interrogative : Used he to smoke ...?
Did he use to smoke ...?
Did he used to smoke ...?

[N. B. অন্য কোন modal-এর সঙ্গে "do" verb-এর কোন ব্যবহার নেই। শুধু "used to"-এর সঙ্গে উপরের বাক্যগুলোতে "did"-এর ব্যবহার একটা ব্যতিক্রম। এখানে আরো একটা ব্যতিক্রমী ব্যাপার হচ্ছে "did"-এর পরে "used" এর ব্যবহার।]

5. Past simple tense-এ passive voice-এর basic structure হচ্ছে :

Subject (doee) + was /were (auxiliary verb) + মূল verb-এর past participle form

নীচের positive statement গুলো লক্ষ কর :

He was killed in an accident.
You were born in Rajshahi.

Past simple sentence-এর passive voice নিয়ে আগেই বিস্তারিত আলোচনা করা হয়েছে।

Past Tense: Progressive Aspect

যে কাজ অতীতের কোন একটা নির্দিষ্ট সময়ের চলমান অবস্থায় ছিল সেই কাজ উল্লেখ করতে past tense-এর progressive aspect (বা past continuous tense) ব্যবহার করা হয়। ইংরেজিতে আমরা বলতে পারি, the progressive aspect of the past tense refers to an action which was in a progressive state at a certain point in time in the past. For example :

I was then reading a novel.

এখানে বুঝানো হয়েছে যে, "then" দিয়ে যে সময়ের কথা বলা হয়েছে উপন্যাস পড়ার কাজটি তার আগেই শুরু হয়েছিল এবং সে সময় কাজটা চলমান অবস্থায় ছিল। কাজটি পরে কোন এক সময় শেষ হয়েছিল। এই tense-এর basic structure হচ্ছে :

Subject + was/were (auxiliary verb) + present participle form of the main verb

Extension হিসেবে পরে আরো কিছু যোগ হতে পারে। নীচের বাক্যগুলো (affirmative statements) লক্ষ কর :

Some dogs were then barking on the street.
I was then listening to music.
The tired farmers were taking rest at noon.

He was then going to university.
The sweeper was cleaning the floor.

নীচের negative এবং interrogative বাক্যগুলোতে "not" এবং "was/were"-এর অবস্থান লক্ষ কর :

I was not working very hard.
They were not playing well.
Was the boy crying then?
Were they shouting in the class?
What was the girl doing then?
Why were you laughing at me?

Part continuous tense-এ Passive voice-এর basic structure হচ্ছে :

Subject (doee) + was / were + being + past participle form of the main verb

নীচের active এবং passive voice-এর বাক্যগুলো লক্ষ কর :

Active : The workers were repairing the road.
Passive : The road was being repaired by the workers.
Active : He was then discussing grammar.
Passive : Grammar was being discussed then.
Active : They were telling lies.
Passive : Lies were being told by them.
Active : Were you making a noise?
Passive : Was a noise being made by you?
Active : How was he solving the problems?
Passive : How were the problems being solved?

Past Tense : Perfective Aspect

The perfective aspect of the past tense (or the past perfect tense) expresses the idea that something occurred before another action in the past. It can also show that something happened before a specific time in the past অর্থাৎ অতীতের কোন একটা কাজের বা সময়ের আগে যে কাজটি সংঘটিত হয়েছিল সেটা উল্লেখ করতেই past perfect tense ব্যবহৃত হয়। এই tense-এর structure হচ্ছে :

Subject + auxiliary verb "had" + past participle form of the main verb

নীচের বাক্যগুলো লক্ষ কর :

I had studied hard before the examination.
The construction work had gone smoothly until that fateful day.
She had never thought of going abroad before her marriage.
I had not used a mobile phone before my college life.

Past perfect tense-এর negative sentence-এ negator (not/never) বসে সাধারণত "had"-এর পরে। কিন্তু অতীতে কোন কিছু কখনও না ঘটার ব্যাপারটাকে জোর দেওয়ার জন্য "never" শব্দটিকে অনেক সময় "had"-এর আগে ব্যবহার করা হয়। যেমন :

Never had I felt so lonely.
Never before had she seemed so beautiful to me.

Interrogative sentence-এ auxiliary verb "had" subject-এর আগে চলে আসে। যেমন :

Had you considered my proposal before coming here?
How long had you lived in Malaysia before going to Australia?

Past perfect tense বেশি ব্যবহৃত হয় complex sentence-এ। সুতরাং এই tense-এর ব্যবহার বিস্তারিত আলোচনা করা হবে complex sentence বিষয়ক অধ্যায়ে।

Past perfect tense-এর passive structure হচ্ছে :

Subject (doee) + had been + past participle form of the main verb

নীচের বাক্যগুলো লক্ষ কর :

Never had my proposal been considered.
The road had been repaired before the election.
The thief had been beaten by the mob.

Past Tense : Perfective Progressive Aspect

This aspect of the past tense (past perfect continuous/progressive tense) is used to describe a repeated or continuous action that began in the past and continued over a period of time until another action started অর্থাৎ যে কাজ অতীতে শুরু হয়ে অন্য একটা কাজের শুরু হওয়া পর্যন্ত চলমান

অবস্থায় ছিল সেই কাজ বুঝাতে past perfect continuous tense ব্যবহৃত হয়। এই tense-এর basic structure হচ্ছে :

Subject + had been + present participle form of the main verb + prepositional / adverbial phrase of time.

নীচের বাক্যগুলো লক্ষ কর :

I had been waiting for about an hour on that day before your arrival.
He had been working since early morning on that day.

Present perfect continuous tense-এর মত এই tense-এও কাজের duration বুঝাতে "for" এবং কাজের starting time বুঝাতে "since" preposition-টা ব্যবহার করা হয়। কিন্তু কোন কাজের duration সম্পর্কে প্রশ্ন করার জন্য "How long" phrase-টার সঙ্গে "for" ব্যবহারের প্রয়োজন হয় না। পক্ষান্তরে, কাজের starting time সম্পর্কে প্রশ্ন করতে "since"-এর প্রয়োজন হয়। নীচের প্রশ্ন দু'টি দেখো :

How long had you been waiting there?
Since when had you been waiting there?

Negative sentence-এ "had"-এর পরে শুধু "not" বসাতে হয়। যেমন :

I had not been waiting long.

এই tense-এ passive voice-এর ব্যবহার সচরাচর চোখে পড়ে না।

Past perfect tense-এর মত past perfect continuous tense বেশি ব্যবহৃত হয় complex sentence-এ। অতএব, এই tense-এর আরো ব্যবহার আলোচনা করা হবে complex sentences শীর্ষক অধ্যায়ে।

Future Tense : Simple Aspect

সাধারণভাবে বলা যায়, ভবিষ্যতে সংঘটিত হবে এমন ধরনের কাজ বুঝাতে future simple tense বা simple aspect of the future tense ব্যবহৃত হয়। ইংরেজিতে আমরা বলতে পারি, this tense is used in several ways to describe things that are yet to happen in near or distant future. ভবিষ্যদ্বাণী করতে, ভবিষ্যতের কাজের বর্ণনা দিতে, প্রতিজ্ঞা করতে, অনুরোধ করতে, সাহায্য offer করতে ইত্যাদি নানাবিধ function প্রকাশ করতে future indefinite/simple tense ব্যবহার করা হয়। Present simple (যেমন, I teach English) এবং Past simple (যেমন, I taught English) tense-এর মত একটি মাত্র মূল verb ব্যবহার করে future simple tense-এর কোন বাক্য লেখা যায় না, কারণ ইংরেজিতে verb-এর form অর্থে কোন future

tense নেই। এই tense-গঠনে মূল verb-এর আগে নানাবিধ modal (function অনুসারে) ব্যবহার করতে হয়। অতএব, এই tense-এর basic structure হচ্ছে :

Subject + modal + মূল verb-এর base form

নীচের বাক্যগুলো লক্ষ কর :

I shall visit you next week.
We shall overcome this bad time.
He will go shopping in the evening.
They will come here shortly.

Formal ইংরেজিতে first person (I, we)-এর সঙ্গে 'shall' এবং অন্য person (you, he, she, they etc)-এর সঙ্গে 'will' ব্যবহার করে simple future action-এর ধারণা প্রকাশ করা হয়। কিন্তু informal spoken ইংরেজিতে ঢালাওভাবে সব person-এর সঙ্গেই "will" ব্যবহার করে simple futurity প্রকাশ করা হয়। যেমন :

I will sleep now.
You will take a morning walk.
They will see me tomorrow.

এ ধরনের negative sentence-এ modal-এর পরে "not" এবং interrogative sentence-এ subject-এর আগে modal-টি বসাতে হয়। নীচের negative এবং interrogative বাক্যগুলো লক্ষ কর :

I shall not go to office tomorrow.
They will not help you.
Will you attend the party?
Where will they take their lunch?

'shall', 'will' এবং অন্যান্য modal ব্যবহার করে ভবিষ্যৎ সম্পর্কিত নানাবিধ function প্রকাশ করা যায়। নীচের বাক্যগুলোতে modal-এর বিভিন্ন function লক্ষ কর :

You shall get punishment. (ভয় প্রদর্শন)
The school shall remain closed. (আদেশ)
I will certainly help you. (প্রতিশ্রুতি)
We must do the work. (প্রতিজ্ঞা)
I can do the work tomorrow. (সামর্থ্য)
It may rain tonight. (সম্ভাবনা)
It might rain tonight. (অপেক্ষাকৃত কম সম্ভাবনা)
You should often visit your parents. (উপদেশ)
I should obey your order. (ঔচিত্য)
Would you please lend me some money? (অনুরোধ)

Future simple tense-এ passive voice-এর structure হচ্ছে :

Subject (doee) + modal + be + past participle

নীচের passive voice-এর বাক্যগুলো লক্ষ কর :

You shall be punished.
The meeting will be held on 8 July.
He may be ordered to quit the job.
The work must be finished by tomorrow.
The poor should be helped by the rich.
This order must not be violated.
Should it not be remembered?

কোন schedule, time table কিংবা planned future action বুঝাতে modal ব্যবহার না করেও (present simple কিংবা present continuous tense ব্যবহার করে) ভবিষ্যতে অনুষ্ঠিতব্য কাজের উল্লেখ করা যায়। যেমন :

The train leaves at 4 o'clock.
I am flying to London tomorrow.
We are going to buy a car.
The meeting is going to be held at 2 o'clock.

Future Tense : Progressive Aspect

The progressive aspect of the future tense (also known as the future continuous tense) refers to an action that will be in progress at a certain point in time in the future অর্থাৎ future continuous tense ব্যবহার করে কোন কাজের ভবিষ্যতের কোন এক সময়ে চলমান অবস্থা বুঝানো হয়। বক্তা যখন কথা বলছে কাজটি তার আগেও শুরু হয়ে থাকতে পারে, তখনও শুরু হতে পারে কিংবা তার পরেও শুরু হতে পারে কিন্তু ভবিষ্যতে পরবর্তী কোন এক সময় তা চলমান থাকবে। এই tense-এর common basic structure হচ্ছে :

Subject + shall /will + be + present participle of the main verb

নীচের বাক্যটি লক্ষ কর :

I shall be watching television at 9 o'clock tonight. ধর, বক্তা এই কথাটা ৮.৩০-এ বলছে। তাহলে তার টেলিভিশন দেখার কাজটা ৮.৩০-এর আগেও শুরু হয়ে থাকতে পারে, ৮.৩০-এও শুরু হতে পারে আবার ৯.০০ টার আগে যে কোন সময় শুরু হতে পারে। শুরু যখনই হোক, উপরের বাক্যটি দ্বারা বুঝানো হয়েছে যে, বক্তার টেলিভিশন দেখার কাজটা রাত ৯.০০ টায় চলমান অবস্থায় থাকবে। শেষ হবে পরে কোন এক সময়। নীচে এই tense-এর আরো কয়েকটা উদাহরণ দেয়া হলো :

He will certainly be sleeping at midnight.
In the next month too, I shall be writing this book.
The plane will be landing in a few minutes.

"shall/will"-এর জায়গায় এই tense-এ "be going to" ব্যবহার করা যায়। যেমন :

I am going to be doing some personal work tomorrow.
People are going to be using more luxury commodities in the years to come.

এ ধরনের বাক্য দিয়ে planned কিংবা predicted future action বুঝানো হয়।

Future continuous tense-এর passive structure হচ্ছে :

Subject + shall/will + be + being + past participle of the main verb.

তবে এই tense-এ passive voice-এর ব্যবহার খুব rare ব্যাপার। নীচের বাক্য দু'টি লক্ষ কর :

This work will be being done even at midnight.
They will be being taught this course over the weekend.

"shall/will" ছাড়া অন্য modal-ও future continuous tense-এ ব্যবহার করা যায়। যেমন :

I may be sleeping then.
He might be travelling this time tomorrow.
You should be taking rest after such hard work.

Future Tense : Perfective Aspect

The perfective aspect of the future tense (or, the future perfect tense) is used to say that something will finish or complete at a certain point in future time অর্থাৎ future perfect tense দিয়ে বুঝানো হয় যে কোন একটা কাজ ভবিষ্যতের কোন একটা নির্দিষ্ট সময়ে সম্পন্ন হয়ে যাবে। এই tense-এর basic structure হচ্ছে :

Subject + shall/will + have+ past participle form of the main verb.

নীচের বাক্যগুলো লক্ষ কর :

I shall have finished my assignment by the end of this week.
Next August, he will have worked here for three years.
By the end of this year, she will have become a professor.

কোন কোন সময় যে ঘটনা already ঘটে গেছে সে সম্পর্কে কথা বলতেও future perfect tense ব্যবহৃত হয়। যেমন :

This bank will have gone bankrupt by now.
You must have heard the name of this doctor.

এই tense-এর passive voice হতে পারে এরকম :

He will have been promoted to professorship by June next year.
He must have been sacked.

Future Tense :
Perfective Progressive Aspect

The perfective progressive aspect of the future tense (or, the future perfect continuous tense) refers to a future action which will continue over a period of time অর্থাৎ যে কাজ ভবিষ্যতে কিছু সময় ব্যাপী চলতে থাকবে সেটা বুঝাতে future perfect continuous tense ব্যবহৃত হয়। অন্যভাবে বলা যায়, this tense emphasizes the continuous nature of a future action and mentions its duration অর্থাৎ এই tense ব্যবহার করে ভবিষ্যতে অনুষ্ঠিতব্য কোন কাজের চলমান অবস্থা এবং ব্যাপ্তি বুঝানো হয়। এই tense-এর structure হচ্ছে :

Subject + shall /will + have been + present participle form of the main verb.

নীচের বাক্যগুলো লক্ষ কর :

By August next year, I shall have been working here for three years.
The flight will take off at 7 pm. And they will have been flying all night to reach London.
How long will you have been waiting for your friend to come back?

Present/Past perfect continuous tense-এর মত এই tense-এ "since ব্যবহৃত হয় না এবং এই tense-এর passive voice-এর ব্যবহারও কদাচিৎ দেখা যায়। সেজন্য passive voice-এর উদাহরণ এখানে পরিহার করা হলো। এ অধ্যায়ে তিনটা tense-এর মোট ১২টা (প্রত্যেকটার ৪টা করে) aspect নিয়ে আলোচনা করা হলো।

Practice Part

1. Use the following verbs in all the four aspects of the present tense:

   rain; live; walk, write; sleep.

   Then change your sentences into negatives and interrogatives.

2. Use the following verbs in all the four aspects of the past tense and then change each of your sentences into a "wh"-question :

   read; kill; sing; invite; fly.

3. Use the following verbs in three different aspects of the future tense :

   play; buy; build; sell; pass.

4. Indentify the aspect and tense of each of the following sentences, and change each sentence into passive voice :

   a) Boys are flying kites.
   b) We have sold our old car.
   c) They were taking a driving test.
   d) The police had raided the house.
   e) You should have done the work yesterday.
   f) They will repair their house soon.
   g) We shall be making a journey.
   h) Who were shouting slogans there?
   i) I am telling a story.
   j) Who has broken the window?